# ICSE * ISC তে বাজিমাত বাংলার, প্রথম বর্ধমানের সম্বিত, মেধা তালিকায় প্রথম পাঁচে রাজ্যের পড়ুয়ারা

**কলকাতা** ঃআইসিএসই এবং আইএসসি পরীক্ষায় অসাধারণ ফলাফল করেছে বাংলার পড়ুয়ারা। আইসিএসইতে দেশের মধ্যে প্রথম হয়েছে বাংলার ছেলে। সম্বিত মুখোপাধ্যায়। বর্ধমানের সেন্ট জেভিয়ার্সের ছাত্র সম্বিত। একসঙ্গে ৯ জন দেশে প্রথম হয়েছে আইসিএসই তে। তারমধ্যে সম্বিত রয়েছেন। শুধু আইসিএসই তে নয় আইসিএসই তেও বাংলার পড়ুয়ারা মেধা তালিকায় জায়গা করে নিয়েছে। প্রথম ৫ জনের মধ্যে রয়েছেন বাংলার দুই পড়ুয়া। আবার দ্বিতীয় স্থানাধিকারীদের মধ্যেও রয়েছে বাংলার ৫ পড়ুয়া। আইসিএসইতে দেশে দ্বিতীয় পার্ক স্ট্রিটের অ্যাসেম্বলি অফ গড চার্চের অনুরাগ নন্দী। মালদার নর্থ পয়েন্ট ইংলিশ অ্যাকাডেমির তৃষা বিহানি। কলকাতার গার্ডেনরিচ হাই স্কুলের আরণ্যক রায় এবং ক্যালকাটা গার্লস হাই স্কুলের ঐশী চক্রবর্তী। কলকাতার ডে পল স্কুলের শ্রেয়সী বিশ্বাস এবং জোকার বিবেকানন্দ মিশন স্কুলের সাবিক ইবন খান। রবিবার দুপুর ৩টে নাগাদ ফল প্রকাশিত হয়। অনলাইনেই রেজাল্ট দেখার ব্যবস্থা ছিল। এবছর প্রায় ২,৩১,০০০ পরীক্ষার্থী আইসিএসই র দশম শ্রেণির পরীক্ষা দিয়েছিলেন। আর আইএসসিতে অর্থাৎ দ্বাদশ শ্রেণিতে ৯০ হাজার পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছিল। তাতে বাংলার পরীক্ষার্থীরা যাকে বলে মাস্টার স্ট্রোক দিয়েছে। অর্থাৎ দশম শ্রেণির পরীক্ষায় দেশের প্রথম ৯ জনের মধ্যে বাংলার ২ জন রয়েছে। বর্ধমানের সেন্ট জেভিয়ার্স স্কুলের ছাত্র সম্বিত মুখোপাধ্যায় প্রথম হয়েছে। স্কুলে রীতিমত উৎসবের মেজাজ। শিক্ষকরা শুভেচ্ছা জানিয়েছেন পরীক্ষার্থীকে। বুধবার থেকেই আবহাওয়ায় বড় পরিবর্তন! পশ্চিমবঙ্গ জুড়েই ঝড় বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দফতরের অন্যদিকে ICSE তে দ্বিতীয় স্থানাধিকারীদের মধ্যে রয়েছে বাংলার ৫ জন। কলকাতার পার্কস্ট্রিটের অ্যাসেম্বলি অব গড চার্চের অনুরাগ নন্দী। গার্ডেনরিচ হাইস্কুলের আরণ্যক রায়। ক্যাসলকাটা গার্লসের ঐশী চক্রবর্তী। বাকি ২ জন জেলার। একজন মালদহের নর্থ পয়েন্ট ইংলিশ অ্যাকাডেবির তৃষী বিহানি। আরপেকজন জোকা বিবেকান্দ মশন হাই স্কুলের ইবন খান। এছাড়া আইএসসিতেও মেধা তালিকায় জায়গা করে নিয়েছে বাংলার পড়ুয়ারা। দেশে প্রথম হয়েছে ভক্তিনগরের সেন্ট জোসেফ স্কুলের শুভম আগরওয়াল এবং দ্য হেরিটেজ স্কুলের মান্যগুপ্ত। আইএসসিতে দেশে তৃতীয় বাংলার তিন পড়ুয়া। তার মধ্যে কলকাতার জি ডি বিড়লার শুভশ্রী সাহু, এম সি কেজরিওয়াল বিদ্যাপীঠের সিদ্ধার্থ কুমার দুগার এবং বেলঘরিয়ার অ্যাডামাস ইন্টারন্যাশনাল স্কুলের অনুস্কা সামন্ত। আবার আইএসসিতে দেশে তৃতীয় কলকাতার প্র্যাট মেমোরিয়াল স্কুলের অনুষা মাইতি, জি ডি বিড়লা সেন্টার ফর এডুকেশনের ঐশী গঙ্গোপাধ্যায়,কলকাতার মডার্ন হাই স্কুল ফর গার্লসের অন্তরা বন্দ্যোপাধ্যায়।



# আম্ফানকে গতিতে চ্যালেঞ্জ! সুপার সাইক্লোনের রূপ নিয়ে ঘূর্ণিঝড় মোখার তাণ্ডব উপকূলে



**কলকাতা** ঃ অনুকূল পরিবেশ পেয়ে শক্তি বাড়িয়ে আম্ফানের মতোই সুপার সাইক্লোনে পরিণত হল ঘূর্ণিঝড় মোখা। আম্ফানের থেকেও তীব্র গতিতে উপকূলে আছড়ে পড়েছে মোখা, এখন আম্ফানের সর্বোচ্চ গতিকেও চ্যালেঞ্জ করতে শুরু করেছে। আম্ফানের তিন বছর পর ফের এক সুপার সাইক্লোনে বিধ্বস্ত হল বঙ্গোপসাগরের উপকূল। দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরে ঘূর্ণাবর্ত তৈরি হওয়ার পর তা দ্রুত শক্তি বাড়িয়ে অতি তীব্র ঘূর্ণিঝড়ে পরিণত হয়েছিল। শনিবার পর্যন্ত আবহাওয়া দফতরের খবর ছিল ঘণ্টায় ১৭০-১৭৫ কিলোমিটার বেগে আছড়ে পড়তে পারে ঘূর্ণিঝড় মোখা। কিন্তু তারপরও আরও শক্তি বাড়িয়ে সুপার সাইক্লোনের রূপ নেয় মোখা। গতিতে তা রীতিমতো চ্যালেঞ্জ জানাতে থাকে আগের সুপার সাইক্লোন আম্ফানকে। আম্ফান পশ্চিমবঙ্গের বকখালিতে আছড়ে পড়েছিল ঘণ্টায় ১৫৫ কিলোমিটার গতিবেগে। সুপার সাইক্লোনের রূপ নিয়ে ঘূর্ণিঝড় মোখা কিন্তু ল্যান্ডফল করল ২১০ কিলোমিটার গতিবেগ। তা আরও শক্তি বাড়িয়ে আম্ফানকে চ্যালেঞ্জ জানাচ্ছে। সুপার সাইক্লেন আম্ফানের সর্বোচ্চ গতিবেগ হয়েছিল ২৭০ কিলোমিটার প্রতি ঘণ্টায়। তা মাত্র স্থায়ী হয়েছিল এক মিনিট। আর ঘণ্টায় ২৪০ কিলোমিটার গতিবেগ স্থায়ী হয়েছিল তিন মিনিট। এখন সুপার সাইক্লোন মোখা সেই গতি পেরিয়ে যায় কি না, সেটাই দেখার। বুধবার থেকেই আবহাওয়ায় বড় পরিবর্তন! পশ্চিমবঙ্গ জুড়েই ঝড় বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দফতরের মার্কিন আবহাওয়া বিভাগের মতে সুপার সাইক্লোন মোখা ২৫০ কিলোমিটার গতিবেগে বইতে পারে। সেক্ষেত্রে আম্ফানের গতিবেগকে চ্যালঞ্জে ফেলে দেবে মোখা। ঘূর্ণিঝড় মোখা আম্ফানের মতো একই সময়ে একই জায়গায় সৃষ্টি হয়েছিল। আম্ফানের ক্ষেত্রে তা সরাসরি বাংলার উপকূলের দিকে ধেয়ে আসে। কিন্তু ঘূর্ণিঝড় মোখা বাংলার উপকূলে না এসে উত্তর-পূর্ব দিকে বাঁক নিয়ে বাংলাদেশ-মায়ানমার উপকূলের দিকে ধেয়ে যায়। তারপরই তা শক্তি বাড়িয়ে সুপার সাইক্লোনের রূপ নেয়। এই বাঁক নেওয়ার আগে শক্তি বাড়িয়ে ফেললে কিন্তু বিপদ নেমে আসত বাংলার উপকূলে। এমনটাই অভিমত আবহবিদদের। ঘূর্ণিঝড় মোখা আবহবিদদের অনুমানের থেকেও অনেক বেশি শক্তি আহরণ করে বঙ্গোপসাগরে ফুঁসতে শুরু করে। ঘূর্ণিঝড় মোখা নিয়ে মৌসম ভবন বলেছিল, তা আরো শক্তি বাড়িয়ে অতি প্রবল ঘূর্ণিঝড় থেকে সুপার সাইক্লোনের রূপ নিতে পারে। আম্ফানের মতোই তার গতিপ্রকৃতি, তা অনুমান করেছিলেন আবহবিদরা। সেই কারণেই বাংলাদেশ-মায়ানমার উপকূলে আছড়ে পড়ার সম্ভাবনা সিংহভাগ হওয়া সত্ত্বেও বাংলার উপকূলকে সাবধান করে দিয়েছিল। কেননা আম্ফানের মতোই প্রকৃতি পরিবর্তন করে বাংলার উপকূলে হানা দিলে তখন কিছু করার থাকবে না। এর আগে মায়নামারের বুকে তাণ্ডব চালায় নার্গিস। নার্গিসের থেকেও বেশি গতিতে এবার আছড়ে পড়ল মোখা। নার্গিস ঘণ্টায় ১৬৫ কিলোমিটার বেগে আছড়ে পড়েছিল।

# আইসিএসই'র দশম ও দ্বাদশ শ্রেণির ফলাফল প্রকাশ, সেরার তালিকায় সবার উপরে বাংলা

**কলকাতা** ঃ আইসিএসই'র দশম ও দ্বাদশ শ্রেণির ফলাফল প্রকাশ হল রবিবার। এবার আইসিএসই'র দশম ও দ্বাদশ শ্রেণির পরীক্ষায় অংশগ্রহণ করেছিল আড়াই লক্ষেরও বেশি ছাত্রছাত্রী। বিজ্ঞপ্তি অনুসারে শিক্ষার্থীরা সিআইএসসিই-এর ওয়েবসাইটে ফলাফল জানতে পারবেন। কাউন্সিল ফর দি ইন্ডিয়ান স্কুল সার্টিফিকেট এক্সামিনেশনস বা সিআইএসসিই'র দশম শ্রেণির ও ইন্ডিয়ান স্কুল সার্টিফিকেট বা আইএসসি'র দ্বাদশ শ্রেণির ২০২৩-এর ফলাফল এদিন বিকেল তিনটে ঘোষণা করা হয়। বিজ্ঞপ্তি দিয়ে আগেই জানানো হয়েছিল পড়ুয়ারা কীভাবে তাদের ফল জানতে পারবেন। বিজ্ঞপ্তি অনুসারে শিক্ষার্থীরা সিআইএসসিই'র ওয়েবসাইট http:cisce.org বা results.cisce.org এ গিয়ে তাঁদের ফলাফল দেখতে পারেন। দশম শ্রেণির বা আইসিএসই'র পরীক্ষা এ বছর ২৭ ফেব্রুয়ারি শুরু হয়েছিল এবং শেষ হয়েছিল ২৯ মার্চ। দ্বাদশ শ্রেণির পরীক্ষা ১৩ ফেব্রুয়ারি শুরু হয়েছিল। আর শেষ হয়েছিল ৩১ মার্চ। এ বছর অর্থাৎ ২০২৩-এ প্রায় ২.৫ লক্ষ শিক্ষার্থী এই পরীক্ষায় অংশ নিয়েছিলেল। এর আগে শুক্রবার সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন বা সিবিএসই'র দ্বাদশ শ্রেণির চূড়ান্ত পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়। সামগ্রিকভাবে ৮৭.৩৩ শতাংশ পাস করে সেই পরীক্ষায়। ৫ ৫ বিরোধীরা এবার ঐক্যবদ্ধ না হলে জনগণ ক্ষমা করবেন না, কর্নাটকে জিতে বার্তা অধীরের আইসিএসই তে দেশের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে বাংলার সম্বিত মুখোপাধ্যায়। তিনি পূর্ব বর্ধমানের সেন্ট জেভিয়ার্স স্কুলের ছাত্র। আইএসসিতে যুগ্ম প্রথম হয়েছেন কলকাতার মান্য গুপ্ত। তিনি কলকাতার হেরিটেজ স্কুলের ছাত্র। রজ্যে যুগ্ম দ্বিতীয় অ্যাসেম্বলি অফ গড চার্চ স্কুলের অনুরাগ নন্দী।





# কর্নাটক নির্বাচনের ফলাফল ২০২৩ঃ গরীব জনতার হাতে হার পুঁজিবাদীদের! বড় ঘোষণা করে বললেন রাহুল

**বেঙ্গালুরু** ঃ কর্নাটক নির্বাচনের ফল ২০২৩ঃ ভালোবাসা এবং খোলা মনে কর্নাটকের নির্বাচন লড়েছিলাম। বিপুল ভোটে জয়ের পর এমনটাই বললেন রাহুল গান্ধী। বছর ঘুরলেই লোকসভা নির্বাচন। আর সেই নির্বাচনের আগে বড় জয় কংগ্রেসের। যা নিঃসন্দেহে বাড়তি অক্সিজেন দিচ্ছে রাহুল-প্রিয়াঙ্কাদের। আর এই জয়ের পরেই সাংবাদিকদের মুখোমুখি সোনিয়া-পুত্র আর সেখানে তাঁর স্পষ্ট বার্তা, এই জয় ভালোবাসার জয়। পাশাপাশি এই জয়ের জন্যে কর্নাটকের মানুষ এবং নেতাকর্মীদের ধন্যবাদ জানান রাহুল গান্ধী। বলেন, কংগ্রেস দল সবসময়ে গরীবদের পাশে দাঁড়িয়ে আছে। শুধু তাই নয়ম পুঁজিবাদীদের বিরুদ্ধে গরীব মানুষ ভোট দিয়েছে বলেও এদিন বক্তব্য রাখেন কংগ্রস নেতা। গত একমাস ধরে কর্নাটকে মাটি কামড়ে পড়েছিল কংগ্রেস। কখনও রাহুল গান্ধী আবার কখনও প্রিয়াঙ্কা গান্ধী প্রচার করেছেন। একাধিক ক্যাম্পেন চালিয়েছে কর্নাটক কংগ্রেস নেতৃত্ব। আর এরপরেই সে রাজ্যের বড় অংশে মানুষের রায় কংগ্রেসের পক্ষে। আর এই ফলাফল সামনে আসার পর থেকেই উচ্ছ্বসিত গোটা কংগ্রেস পরিবার। কর্নাটক তো বটেই, দেশের প্রত্যেক রাজ্যেই বিজয় উৎসব কংগ্রেস নেতা-কর্মীদের। বেরিয়ে আসেন রাহুল গান্ধীও। সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, কর্নাটকে ঘৃণার কোনও জায়গা নেই। ভালোবাসার দরজা খুলে গেল। কর্নাটকে মুখ্যমন্ত্রীর শপথের দিন ঘোষণা কংগ্রেসের, কে বসতে চলেছেন মুখ্যমন্ত্রীর কুর্সিতে প্রথম থেকেই ভালবাসার সঙ্গেই এই নির্বাচনে লড়াই করি। ঘৃণার জন্ম দেয় এমন একটাও শব্দ ব্যবহার করা হয়নি। শেষমেশ কর্নাটকের মানুষ প্রমাণ করে দিল যে ভালবাসাই সব! অন্যদিকে ভোটের আগে মানুষকে দেওয়া প্রতিশ্রুতি পুরণের কথাও এদিন বলেন রাহুল গান্ধী। তিনি জানান, ভোটের আগে সে রাজ্যের মানুষকে আমরা পাঁচ কথা দিয়েছিলান। প্রথম মন্ত্রিসভার বৈঠকেই সেই পাঁচ প্রতিশ্রুতি পূরণ করা হবে বলেও এদিন ঘোষণা করেন কংগ্রেস নেতা। যা নিঃসন্দেহে বড় বার্তা বলেই মনে করা হচ্ছে। তবে সে রাজ্যে কে মুখ্যমন্ত্রী হবে সে বিষয়ে কোনও বার্তা দেননি রাহুল। তবে শোনা যাচ্ছে, আগামীকাল জয়ী বিধায়কদের নিয়ে একটা বৈঠক করা হবে। বিরোধীরা এবার ঐক্যবদ্ধ না হলে জনগণ ক্ষমা করবেন না, কর্নাটকে জিতে বার্তা অধীরের সেখানে মুখ্যমন্ত্রী কে হবে তা বেছে নেওয়া হবে। আর মুখ্যমন্ত্রী পদে সে রাজ্যের প্রদেশ সভাপতি শিবকুমার এবং সিদ্ধারামাইয়া রয়েছে। সম্ভবত সোমবার কর্নাটকের নয়া মুখ্যমন্ত্রী পদে শপথ বলে জানা যাচ্ছে। আজ শনিবারই বাসবরাজ বোম্মাই কর্নাটকের মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা দেবে বলে জানা যাচ্ছে।



# কর্নাটক নির্বাচনের ফলাফল ২০২৩ : দক্ষিণের প্রবেশদ্বার হারাল বিজেপি! হেভিওয়েটদের জয়-পরাজয়

**কলকাতা** ঃ দক্ষিণের প্রবেশদ্বার হারাতে চলেছে কংগ্রেস। ফলের নিরিখে ইতিমধ্যে কংগ্রেস সংখ্যাগরিষ্ঠতার জন্য প্রাপ্ত সংখ্যা পেরিয়ে এসেছে। এই প্রতিবেদন লেখার সময় কর্নাটক নির্বাচনের ফল ২০২৩ কংগ্রেস ১৩৬, বিজেপি ৬৫, জেডিএস ২০ এবং অন্যরা ৩ টি আসনে এগিয়ে রয়েছে। এখনও পর্যন্ত নির্বাচন কমিশনের তরফে এগিয়ে পিছিয়ে ফল জানানো হয়েছে। নির্দিষ্টভাবে কারও জয় সামনে আসেনি। তবে সেই এগিয়ে-পিছিয়ে থাকার তালিকায় অনেক হেভিওয়েট প্রার্থীও রয়েছেন। একনজরে দেখে নেওয়া যাক কে কোথা এগিয়ে পিছিয়ে। বরুণে এগিয়ে রয়েছে কংগ্রেস নেতা তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া। বিজেপি প্রার্থী ভি সোমান্নার বিরুদ্ধে প্রায় ১৬ হাজার ভোটে এগিয়ে রয়েছেন তিনি। এই আসনটি চামরাজানগর সংসদীয় এলাকার মধ্যে পড়ে। ২০১৯-এর লোকসভা নির্বাচনে এই আসনে জয়ী হয়েছিলেন বিজেপির ভি শ্রীনিবাস প্রসাদ। কর্ণাটকে সংখ্যাগরিষ্ঠতা পেতেই বাংলার শাসকদলকে নিশানা অধীরের এই আসনের বিদায়ী বিধায়ক সিদ্দারামাইয়ার পুত্র যতীন্দ্র সিদ্দারামাইয়া। প্রাক্তন মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া এই আসন থেকে আগে দুবার জিতেছিলেন। ২০১৩তে এই আসনে জয়ী ওওয়ার পরে তিনি মুখ্যমন্ত্রীও হয়েছেন। ২০১৮ সালে তিনি যথীন্দ্রের জন্য আসনটি



ছেড়ে দেন। কর্নাটকে মুখ্যমন্ত্রীর শপথের দিন ঘোষণা কংগ্রেসের, কে বসতে চলেছেন মুখ্যমন্ত্রীর কুর্সিতে শিকারীপুরা আসন থেকে বিজেপি প্রার্থী বিএস ইয়েদুরাপ্পার ছেলে বিজয়েন্দ্র ইয়েদুরাপ্পা তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী তথা নির্দল প্রার্থী এসপি নাগরাজগৌড়ার থেকে প্রায় আট হাজার ভোটে এগিয়ে রয়েছেন। এই আসন থেকে বিএস ইয়েদুরাপ্পার ট্র্যাক রেকর্ড খুবই ভাল। এই আসন থেকে আটবার তিনি জয়ী হয়েছেন। ২০১৩ সালে ইয়েদুরাপ্পা কেজেপির টিকিটে শিকারীপুরা আসন থেকে জয়ী হয়েছিলেন। সেই বছর তিনি বিজেপি ছেড়ে নিজের দল গঠন করেছিলেন। তবে ২০১৪ সালে তিনি বিজেপিতে ফিরে আসেন। ২০১৮-এর নির্বাচনে জয়ী হন এবং মুখ্যমন্ত্রীর আসনেও বসেন। উল্লেখ করা প্রয়োজন কংগ্রেস এই আসনে ৫ বার জয়ী হয়েছে। বিরোধীরা এবার ঐক্যবদ্ধ না হলে জনগণ ক্ষমা করবেন না, কর্নাটকে জিতে বার্তা অধীরের কনকপুরা আসন থেকে এগিয়ে রয়েছেন রাজ্য কংগ্রেস সভাপতি ডিকে শিবকুমার। তিনি নিকটতম প্রতিদ্বন্দ্বী বিজেপির আর অশোকের থেকে ৬০ হাজার ভোটে এগিয়ে রয়েছেন। এই কনকপুরা এলাকা কংগ্রেস তথা ডিকে শিবকুমারের শক্ত ঘাঁটি হিসেবে পরিচিত। হুবলি-ধারওয়াদ সেন্ট্রাল আসনে কার্যত হারের মুখে বিজেপি ছেড়ে কংগ্রেসে যোগ দেওয়া প্রাক্তন মুখ্যমন্ত্রী জগদীস শেট্টার। তিনি বিজেপি প্রার্থী মহেশ টেঙ্গিনাকাইয়ের থেকে ৩০ হাজারের বেশি ভোট পিছিয়ে পড়েছেন। এর আগে তিনি টানা ছয়বার এই আসন থেকে জয়ী হয়েছেন। এবার বিজেপি সেখানে নতুন প্রার্থী দেওয়ার সিদ্ধান্ত নেওয়ার তিনি দল ছাড়েন।



# শ্রী শ্রীর জন্মদিনে রামের বনবাসের কাহিনী

**রাঁচি।** মঞ্চের একপাশে সঙ্গীত শিল্পীরা উচ্চকণ্ঠে সুর তুলছেন, আর মঞ্চের ঠিক মাঝখানে দশ জন মহিলা ও পুরুষ গানের সুরে সংলাপ বলছেন। সকলেরই পরনে পারম্পরিক বেশভূষা। এই দৃশ্য শনিবার দেখা যায় সিসিএল এর প্রেক্ষাগৃহে। এর পৃষ্ঠভূমি ছিল অধ্যাত্মিক গুরু শ্রী শ্রী রবিশঙ্করের ৬৭তম জন্মদিন পালন। ঝাড়খন্ডের অন্যান্য জেলার পাশাপাশি রাঁচিতেও তাঁর অনুগামীরা তাঁকে শ্রদ্ধা জানান। শ্রীশ্রীর প্রতিষ্ঠিত আর্ট অফ লিভিং এর পক্ষ থেকে বিভিন্ন কেন্দ্রে ভজন, সাংস্কৃতিক অনুষ্ঠান, জনসেবামূলক কাজকর্মের মাধ্যমে তাঁর আদর্শকে প্রচার ধরা হয়। রাঁচির বিভিন্ন কেন্দ্রেও গুরুপূজা এবং সুদর্শন ক্রিয়া আয়োজিত হয়। রাকেশ ভ্রমর এবং সুমিত সেন্ট্রাল কোলফিল্ডস্ লিমিটেডের কনভেনশন সেন্টারে ধ্যানাভ্যাস করান। জেল রোডের রাজ্য যোগ কেন্দ্রে গৌতম বিভু ভক্তদের সাথে কেট কেটে গুরুর জন্মদিন পালন করেন। কাঁকের হ্যাপিনেস সেন্টারে সকালে সুদর্শন ক্রিয়ার আয়োজন করা হয়। সংস্থার প্রধান কার্যালয় ব্যাঙ্গালুরুর ব্যক্তি বিকাস কেন্দ্রের সভাপতি প্রসন্না প্রভু এবং রাজ্যসভা সাংসদ মহেশ পোদ্দার খুঁটি জেলার কুদরী গ্রামে শ্রী শ্রী কৌশল বিকাশ কেন্দ্রের উদ্বোধন করেন। এছাড়াও রাঁচি থেকে খুঁটি যাওয়ার রাস্তায় যোগ ধ্যান কেন্দ্র এবং শ্রী শ্রী জ্ঞান মন্দিরেরও উদ্বোধন করেন তাঁরা। শহরের ডোরান্ডা, আপার বাজার সহ বিভিন্ন এলাকায় জনসেবামূলক কাজকর্ম এবং ধ্যান করান সংস্থার কর্মকর্তারা।

এদিন সন্ধ্যার প্রধান আকর্ষণ ছিল ব্যাঙ্গালুরুর শিল্পীদের সঙ্গীতালেখ্য রাম ললা কি মাতা অর্থাৎ রামের মা।



সিসিএল এর প্রেক্ষাগৃহে নাটকটি মঞ্চস্থ হয়। পঙ্কজমণি নির্দেশিত নাটকে রাম নামের মাহাত্ম্য ব্যাখ্যা করা হয়। খুবই সহজ ভাষা ও সুমধুর সঙ্গীতের মাধ্যমে দেখানো হয় আসমুদ্র হিমাচলে রাম ঈশ্বর রূপে কেন পূজিত হন। এছাড়াও কৈকেয়ী ও মন্থরার ভুমিকার সদর্থক ব্যাখ্যাও নাটকের মূল অংশ ছিল। নাটকের শুরুতে হাস্য ও ব্যাঙ্গ থাকায় সকলে খুবই উপভোগ করেন। পথ নাটিকার আদলে তৈরী নাটকটিতে হিন্দীর পাশাপাশি প্রচুর বাংলা সংলাপের ব্যাবহার ছিল। মঞ্চে কলাকুশলীদের সাথে সঙ্গীত শিল্পী ও বাজনদারের উপস্থিতি ছিল। দেশীয় পদ্ধতিতে এক একজন অভিনেতা অভিনেত্রী তাঁদের সংলাপ বলে অপরজনদের জায়গা করে দিচ্ছিলেন। এক কথায় আড়ম্বরহীন প্রস্তুতি কিন্তু উপস্থাপনার জন্য নাটকটি খুবই উপভোগ্য হয়। কিভাবে দেবতাদের কথায় কৈকেয়ী ও মন্থরা তাঁদের প্রিয় রামের বিরূদ্ধাচারণ করেন ও রামকে সর্বজনপ্রিয় রাজা হয়ে উঠতে সাহায্য করেন, সেই ঘটনার বিবরণ সহজভাবে দেখানো হয়। অনুষ্ঠাটিকে সাফল্যমন্ডিত করতে বিকে সিন্‌হা, কুমুদ ঝা, আরপি বর্ণওয়াল, সুনীল গুপ্তা, পীএন সিংহ, সাধ্বী আত্মস্বরূপা, সবিতা সিংহ, যুথিকা ডেভিড, ইন্দিরা সিংহ, সুমিতা, শবনম, উজ্জ্বল ভাস্কর, ঋষি শাহদেব ও অন্যান্যদের ভূমিকা ছিল অনস্বীকার্য।

# শিশু নির্যাতনকারী ডাঃ সুঙ্গীতা দত্তের সহকর্মী উৎপলা বোসের পাশাপাশি দুই আশা কর্মী লাল বানু নেসা এবং সুবেরা গ্রেফতার

## মনোরোগ বিশেষজ্ঞের সহকর্মীকে ৫ দিনের পুলিশ হেফাজত, বহু নতুন নতুন তথ্যের উদঘাটন

**গুয়াহাটি (সব্যসাচী শর্মা) ঃ** গুয়াহাটি মহানগরের ভয়াবহ ডাক্তার দম্পতির শিশুর নির্যাতনের মামলাটি বর্তমান অবৈধ শিশুর পাচারের মামলায় ধীরে ধীরে রূপান্তরিত হচ্ছে। অনেকটা কেঁচো খুঁড়তে সাপ বেরিয়ে পড়ার মতন বিষয়। ডাঃ সঙ্গীতা দত্তের সহকর্মী উৎপলা বোস পুলিশের হেফাজতে আসার পর থেকেই এক এক করে বহু নতুন তথ্য আবিষ্কার হয়েছে। তাকে জেরা করে ইতিমধ্যে লাল বানু নেসা এবং সুবেরা নামের দুই আশা কর্মীকে গ্রেফতার করতে সক্ষম হয়েছে পুলিশ। এবার গ্রেফতার হওয়া তিন মহিলাকে ব্যাপকভাবে জেরা করে পুলিশ নতুন তথ্য বের করে আনার প্রয়াস করছে। স্বনামধন্য, খ্যাতনামা ডাঃ ওয়ালিউল ইসলাম এবং মনোরোগ বিশেষজ্ঞ ডাঃ সঙ্গীতা দত্তকে গ্রেফতারের পর থেকেই নির্যাতন করা চার বছরের শিশু দুটির আগমনের হদিস খুঁজে বের করার চেষ্টায় ছিল পুলিশ। এক্ষেত্রে ডাঃ সঙ্গীতা দত্তকে বিশেষভাবে জেরা করলেও কোনো সদুত্তর পাওয়া যায়নি। তিনি পুলিশকে বারংবার এক কথাই বলেছেন যে সেই দুটি যমজ শিশু এবং একজন মহিলা তাকে সেই শিশু দুটি দিয়েছেন। তবে সেই মহিলাকে তিনি চেনেন না বলে পুলিশকে ভুল পথে পরিচালিত করছিলেন এই মনোরোগ বিশেষজ্ঞ। তবে পুলিশ নিজেদের সন্ধানে তার এক সহকর্মী উৎপলা বোসের নাম জানতে পেরেছিল। কিন্তু এই যুবতীকে গ্রেফতার করার আগেই তিনি রহস্যজনক ভাবে উধাও হয়ে যান। সে যুবতীর সন্ধানে পুলিশ ব্যাপক অভিযান শুরু করে দিয়েছিল। এমনকি সেই যুবতীর ভাতৃ তথা গুয়াহাটির একটি দৈনিক বাংলা সংবাদপত্রের সাংবাদিককে গ্রেফতার করে তাকে জেরা করেছিল পুলিশ। কিন্তু সেই যুবতীর সন্ধান না পেয়ে অবশেষে এই সাংবাদিককে মুক্ত করে দেওয়া হয়। অবশেষে সম্পূর্ণ অপ্রত্যাশিত ভাবে গুয়াহাটি মহানগরের পল্টন বাজার থানায় আত্মসমর্পণ করেন মনোরোগ বিশেষজ্ঞের সহকর্মী উৎপলা বোস। অবশেষে তাকে পানবাজার মহিলা থানায় এনে ব্যাপক জেরা করা হয়। শনিবার গুয়াহাটির পুলিশ কমিশনার দিগন্ত বরা স্বয়ং এই যুবতীকে জেরা করেছেন বলে জানা গেছে। পুলিশের জেরায় বহু তথ্য প্রকাশ পেয়েছে। সেই শিশু দুটি যমজ নয় সেটাও জানা গেছে। উৎপলা বোসকে জেরা করে ধীরেন পাড়ার আশা কর্মী লাল বানু নেসা এবং পান্ডুর আশা কর্মী সুবেরাকে গ্রেফতার করতে সক্ষম হয়েছে পুলিশ। দুইজনকে জেরা করে পুলিশ জানতে পারে যে এই দুই আশা কর্মী বরপেটা থেকে মার মৃত্যুর পর সেই মেয়ে শিশুকে নিয়ে এসেছিলেন। তাছাড়া ছেলে শিশুটি মা নেপালি সম্প্রদায়ের এক মহিলা তাদের কাছে বিক্রি করেছেন। এই দুই আশা কর্মী ছেলে ও মেয়ে শিশু দুটিকে উৎপলা বোসের হাতে তুলে দিয়েছিলেন। একইভাবে উৎপলা বোস শিশু দুটিকে ডাঃ সঙ্গীতা দত্তের হাতের সামঝে দিয়েছিলেন বলে পুলিশ জানতে পেরেছে। তাদের জেরা বর্তমানেও অব্যাহত রয়েছে। ফলে ভবিষ্যতে এক্ষেত্রে বহু নতুন তথ্য বেরিয়ে আসবে বলে মনে করছে পুলিশ। উল্লেখ্য ২০১৮ থেকে ২০২১ পর্যন্ত ডাঃ সঙ্গীতা দত্তের সহকর্মী উৎপলা বোস গুয়াহাটি মহানগরের লাল গণেশ এলাকায় একটি ভাড়া বাড়ি নিয়ে সারোগেসি সংক্রান্তে একটি সেন্টার চালিয়েছেন। সেই সময়ই তার মনোরোগ বিশেষজ্ঞের সঙ্গে পরিচয় হয়েছিল বলে অনুমান করা হচ্ছে। পুলিশ শনিবার উৎপলা বোসকে আদালতে হাজির করিয়েছিল। আদালত তাকে ৫ দিনের পুলিশ হেফাজতে পাঠানোর নির্দেশ দিয়েছে। এদিকে এই যুবতীর ভাতৃ সাংবাদিকদের জানিয়েছেন এই বিষয়ে তিনি সম্পূর্ণ অজ্ঞ। তাছাড়া তাকে হ্যান্ডকাফ লাগিয়ে পুলিশ তার সঙ্গে খারাপ ব্যবহার করেছে বলেও অভিযোগ উত্থাপন করেন এই সাংবাদিক। অন্যদিকে আগামীকাল থেকে নিরাপদে শিশু গৃহে থাকা ডাক্তার দম্পতির শারীরিক অত্যাচার এবং যৌন নির্যাতনের ভুক্তভোগী শিশু দুটির কাউন্সিলিং শুরু হবে বলে জানা গেছে। তবে অসহায় শিশু দুটি আজও ডাক্তার দম্পতির সেই বিভীষিকাময় রোমা এন্ডক্লেভের স্মৃতি ভুলতে পারেনি। তাদের কোথাও বাইরে নিয়ে যাওয়ার প্রস্তুতি নেওয়া হলেই শিশু দুটি চমকে যায়। তাদের রোমা এন্ডক্লেভে ফিরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে বলে ভেবে আতঙ্কিত হয়ে পড়ে শিশু দুটি। অবশেষে শিশু দুটিকে বোঝানো হয় যে তাদের অন্যত্র নিয়ে যাওয়া হচ্ছে সেই ভয়াবহ রোমা এন্ডক্লেভে নয়।

# কর্ণাটক বিধানসভা নির্বাচনের ফলাফল পূর্বানুমান বলে মন্তব্য মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মার

### ২০২৪ সালে এর কোনো প্রভাব পড়বে না, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অপ্রতিরোধ্য

সব্যসাচী শর্মা

**গুয়াহাটি ঃ** অবশেষে প্রকাশিত হয়েছে কর্ণাটক বিধানসভা নির্বাচনের ফলাফল। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের ব্যাপক নির্বাচনী প্রচারের পরেও একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে সক্ষম হয়েছে কংগ্রেস। তবে এই ফলাফলের পূর্বানুমান ছিল বলে মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। তিনি বলেন কর্নাটকের নির্বাচনের ফলাফল আসন্ন ২০২৪ লোকসভা নির্বাচনে কোনো ধরনের প্রভাব ফেলতে পারবে না। কারণ আসন্ন লোকসভা নির্বাচনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অপ্রতিরোধ্য হয়ে থাকবেন বলে ঘোষণা করেছেন তিনি।

উল্লেখ্য উত্তর পূর্বের তিনটি রাজ্যের বিধানসভা নির্বাচনে হতাশজনক ফলাফল প্রদর্শন করার পর অবশেষে কর্নাটকে মুখ রক্ষা করতে পেরেছে কংগ্রেস। প্রকাশিত নির্বাচনের ফলাফল অনুযায়ী দলটি বর্তমান কর্ণাটকে একক সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে। তবে এই ফলাফলকে অত্যাধিক গুরুত্ব দিতে রাজি নন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে তিনি বলেন বিজেপি অনবরতভাবে নির্বাচনে জয়লাভ করার নজির রয়েছে। অবশেষে কংগ্রেস একটি নির্বাচনে জেতার সুযোগ পেয়েছে। নির্বাচনে হারজিত হয়ে থাকে। কর্নাটকে কংগ্রেসের জয়লাভ নতুন বিষয় নয়। এর আগেও কংগ্রেস এই রাজ্যে জিতেছে বলে মন্তব্য করেন তিনি।

মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা বলেন এর ২০১৪ লোকসভা নির্বাচনের ঠিক আগে এভাবে কর্নাটকে কংগ্রেস জয়লাভ করেছে। একইভাবে ২০১৯ সালের লোকসভা নির্বাচনের ঠিক আগে পুনরায় কংগ্রেস কর্নাটকে জয়লাভ করলেও পরে অবশ্য সেখানে বিজেপি সরকার গঠন হয়েছিল। গত দুই তিন মাস থেকেই বিভিন্ন সমীক্ষা তথা নানা সূত্র অনুযায়ী কংগ্রেস কর্নাটকে জেতার পজিশনে রয়েছে বলে অনুমান করা হচ্ছিল। ফলে কংগ্রেসের এই জয় পূর্বানুমান ছিল বলে মতামত ব্যক্ত করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন কর্ণাটকের নির্বাচনে সফল হওয়ার পর কংগ্রেস আনন্দ উৎসব করছে। আগেও কর্ণাটকের নির্বাচনে জয়ী হয়ে কংগ্রেস সেটা করেছে। নৌকা না পেয়ে কলা গাছের ভেলাতে হলেও চেপে বসে ডুবন্ত কংগ্রেস রক্ষা পেয়েছে বলে তাৎপর্যপূর্ণ মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী।

তিনি স্পষ্ট ভাষায় জানান যে কর্ণাটক বিধানসভা নির্বাচনের ফলাফলের কোনো প্রভাব লোকসভায় পড়বেনা। ২০২৪ সালের লোকসভা নির্বাচনে নরেন্দ্র মোদী ফেরে একবার ভারতের প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হবেন। উল্লেখ্য এবারের কর্ণাটকের বিধানসভা নির্বাচনে বিজেপির স্টার ক্যাম্পেনার হিসাবে ব্যাপক প্রচারে জড়িত ছিলেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা।

তবে কর্নাটকের বিধানসভা নির্বাচনে তিনি প্রচার করা অধিকাংশ বিধানসভা কেন্দ্রে বিজেপি জয়লাভ করেছে বলেও মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী।

## পদযাত্রা আবীর খেলা কংগ্রেসের

**সিউড়ি (নিজস্ব প্রতিনিধি)** ¯ কর্নাটক রাজ্যে বিধানসভা নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা পেয়েছে জাতীয় কংগ্রেস । সেই জয়ের খুশিতে শনিবার বিকালে সিউড়ি শহরে পদযাত্রা আবীর খেলা পথসভা করলো জাতীয় কংগ্রেস । সিউড়ি রবীন্দ্রপল্লী কার্যালয় থেকে পদযাত্রা শুরু হয়ে বাসস্ট্যান্ডে শেষ হয় । তারপর পথসভা করা হয় । জেলা কংগ্রেস কার্যকরী সভাপতি চঞ্চল চ্যাটাজী বলেন, এই জয় মানুষের জয় । রাহুল গান্ধীর পদযাত্রার জয় । চব্বিশ সালের নির্বাচনের সূচনা হয়ে গেল । চব্বিশে রাহুল গান্ধীর নেতৃত্বে বিজেপিকে পদচ্যুত করে আমরা সরকার গঠন করবো এই বিষয়ে আমরা চূড়ান্ত আশাবাদী ।

## বিদ্যুৎস্পৃষ্ট মৃত দুই শ্রমিক ভাই দেহ আটকে বিক্ষোভ স্থানীয়দের

**রেঙ্গুনা (নিজস্ব প্রতিনিধি)** ¯ রবিবার চোদ্দো মে সকালে সাহাপুর গ্রামপঞ্চায়েতের অন্তর্গত রেঙ্গুনা গ্রামে ধান ঝাড়াই মেশিনের সঙ্গে বিদ্যুতবাহী তারের সংস্পর্শে তড়িদাহত হয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত দুই শ্রমিক ভাই । মৃতরা হলো ¯ হরিয়ানা রাজ্যের বিকাশ তোমর এবং বিষ্ণু তোমর । জখম একজন হাসপাতালে চিকিৎসাধীন । মৃতদেহ আটকে রেখে বিক্ষোভ দেখায় স্থানীয় বাসিন্দারা । এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে । বিদ্যুতবাহী তার অত্যনত নিচু হওয়ার ফলে দুর্ঘটনা । বারবার বিদ্যুতদপ্তরকে বলা সত্ত্বেও ব্যবসথা করে নি অভিযোগ স্থানীয় বাসিন্দাদের । ঘটনাস্থলে যায় সদাইপুর থানার পুলিশ । মৃতদেহ তুলতে গেলে পুলিশকে লাঠি নিয়ে তাড়া করে গ্রামবাসীরা । পরে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে । গ্রামবাসী শেখ শরিফ বলে, একটা ক্ষোভ ছিল সেটার বহিঃপ্রকাশ ঘটেছে । কাউকে মারধর করা হয় নি ।




# দায়িত্ব নেবার দুই বছরে ৬০ হাজার বিঘা সরকারি জমি বেদখলমুক্ত করা হয়েছে বলে মন্তব্য মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মার

### অতি শীঘ্রই ওরাং বনাঞ্চলের ২১ হাজার বিঘা জমি বেদখলমুক্ত করার স্বার্থে উচ্ছেদ অভিযান

সব্যসাচী শর্মা

**গুয়াহাটি ঃ** গত ১০ মে মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা নেতৃত্বাধীন অসম সরকার দ্বিতীয় বর্ষপূর্তি উদযাপন করেছে। তবে মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব নেবার পর থেকেই তিনি একটি কথা বারংবার ঘোষণা করে চলেছেন, রাজ্যে উচ্ছেদ অভিযান অব্যাহত থাকবে। মুখ্যমন্ত্রী হিসেবে দুই বছরের কার্যকালে রাজ্যের ৬০ হাজার বিঘা সরকারি জমি বেদখলমুক্ত করা হয়েছে বলে জানিয়েছেন তিনি। প্রায় ১৬ হাজার বিঘা জমি বেদখলমুক্ত করা বুড়াচাপরি বনাঞ্চলে সফর করে অতি শীঘ্রই ওরাং বনাঞ্চলের ২১ হাজার বিঘা জমি বেদখলমুক্ত করার স্বার্থে উচ্ছেদ অভিযান শুরু করা হবে বলে ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা।

উল্লেখ্য গত ফেব্রুয়ারি মাসে বুড়াচাপরি বনাঞ্চলে ব্যাপক উচ্ছেদ অভিযানের মাধ্যমে প্রায় ১৬ হাজার বিঘা জমি বেদখলমুক্ত করা হয়েছিল। শনিবার তিনি বুড়াচাপরি বনাঞ্চলের বিভিন্ন এলাকায় গাড়িতে বসে ধুলো উড়িয়ে ঘোরাঘুরি করেছেন। এরপর সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় মুখ্যমন্ত্রী বলেন এলাকার জমি বেদখল মুক্ত করার পর কিভাবে সম্পূর্ণ এলাকা সবুজময় হিসেবে গড়ে তোলা যায় সেক্ষেত্রে চিন্তা ভাবনা করা হচ্ছে। এই সবুজময় এলাকায় বন্যপ্রাণীরা কিভাবে অবাধে ঘোরাফেরা করতে পারে সেক্ষেত্রে কি কি পদক্ষেপ নিতে হবে সেটার বিষয়ে বন বিভাগের শীর্ষকর্তাদের পাশাপাশি জেলাশাসকের সঙ্গে বৈঠকে মিলিত হয়ে আলাপ আলোচনা করা হয়েছে বলে জানান তিনি। মুখ্যমন্ত্রী বলেন আশ্চর্যকর এটাই বিষয় যে এই এলাকার ১৬ হাজার বিঘা জমি ১৬০০ ব্যক্তি দখল করে বসেছিলেন। অর্থাৎ জনপ্রতি কত বিঘা করে জমি ছিল সেটা চিন্তা করলে আশ্চর্যকর অনুভব হয়। বড় বড় জমিদারের কাছেও এতো জমি থাকে না বলে মতামত ব্যক্ত করেছেন তিনি।

মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা বলেন সাধ্য অনুসারে যতটুকু করা যায় সেটা করছে সরকার। এখন পর্যন্ত প্রায় ৬০ হাজার বিঘা সরকারি জমি বেদখলমুক্ত করা হয়েছে। কাজিরাঙ্গা থেকে ওরাং পর্যন্ত বাঘ, হাতি চলাফেরা করার রাস্তা ছিল। কিন্তু সেখানে গন্ডার মেরে বাঘ হত্যা করে যদি মানুষ ঢুকে পড়ে সেটা কোনো ভাবেই সমর্থনযোগ্য নয়। কখনো তিনটা গন্ডার হত্যা করা হয়েছে, কখনো ৪০ টা। এর ইতিহাস ভয়াবহ বলে মন্তব্য করেছেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন তার এদিনের সফরে তিনি যেখানে গিয়েছিলেন সেখানে বাঘের পায়ের ছাপ দেখতে পেয়েছে বন বিভাগ। তবে বুড়াচাপরির পর এবার তার পরবর্তী লক্ষ্য ওরাং বনাঞ্চল বলে মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী শর্মা।

তিনি জানান ওরাং বনাঞ্চলের ২১ হাজার বিঘা জমি বেদখল হয়ে রয়েছে। ফলে এবার ওরাং বনাঞ্চলের বেদখল হয়ে থাকা জমি মুক্ত করতে পদক্ষেপ নিতে চলেছে সরকার। এর ফলে কাজিরাঙ্গা থেকে বুড়াচাপরি হয়ে ওরাং বনাঞ্চল পর্যন্ত জীবজন্তুরা অবাধে যাতায়াত করতে পারবে। এক্ষেত্রে যেটা জীবজন্তুদের জন্য পরম্পরাগত রাস্তা রয়েছে সেটা মুক্ত করে দেওয়ার প্রচেষ্টা করা হবে। ফলে ওরাং বনাঞ্চলের জমি যারা বেদখল করে রয়েছেন তাদের জন্য এক বিশেষ বার্তা প্রেরণ করলেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা। তিনি বলেছেন যারা এভাবে ওরাং বনাঞ্চলের জমি বেদখল করে রেখেছেন তারা যেন নিজেরাই সেই স্থান পরিত্যাগ করেন। সেই বনাঞ্চল থেকে ফিরে এসে প্রত্যেকেই নিজেদের নিজেদের জেলায় ফিরে যাওয়ার আহ্বান জানিয়েছেন তিনি মুখ্যমন্ত্রী বলেন নিজেদের জায়গায় ফিরে গিয়ে জেলাশাসকের কাছে জমির জন্য আবেদন করতে পারেন তারা। যাদের জমি নেই তাদের অবশ্যই সরকারি জমির জন্য আবেদন করা উচিত। এক্ষেত্রে যেভাবে সম্ভব জেলা শাসকরা সাহায্য করবেন। তবে বনাঞ্চল পরিত্যাগ না করলে উচ্ছেদের রাস্তা নিতে হবে বলে স্পষ্ট জানিয়ে দিয়েছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা।

তিনি বলেন বনাঞ্চলের জমি দখল করা উচিত নয়। জাতি ধর্মভাষা নির্বিশেষে কোন ব্যক্তি যাতে বনাঞ্চলের জমি দখল করতে না পারে সেক্ষেত্রে নজর রাখতে হবে। মুখ্যমন্ত্রী বলেন সরকারি জমিও বেদখল করা উচিত নয়। জমি না থাকলে সরকারের কাছে আবেদন করলেই হবে, এটা বলে যে জমি নেই। এরপর সরকার নিশ্চিতভাবে সেই আবেদনের নিষ্পত্তি করে দেবে। কিন্তু জোর করে এভাবে জমি দখল করে নেওয়া হচ্ছে। এক একজন ব্যক্তি ২০০ বিঘা কিংবা দেড়শ বিঘা জমি বেদখল করে ছিলেন। এটা কোনো নিয়ম হতে পারে না। তিনি জানান জেলাশাসক দেওয়া তথ্য অনুযায়ী বুড়াচাপরির পাশের রাজস্ব গ্রামে বহু সরকারি জমি রয়েছে। ফলে সেখানে উচ্ছেদিত ১৮৫ টি পরিবারের পুনর্বাসন করা যেতে পারে। এতে তার কোনো আপত্তি নেই বলে মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী। যদি এই উচ্ছেদিত ব্যক্তিদের কাগজপত্র সঠিক রয়েছে কিংবা অসমের অন্যান্য জেলায় তাদের কোনো জমি নেই তাহলে স্থানীয় বিধায়ক এক্ষেত্রে প্রয়োজেনীয় পদক্ষেপ নেবেন। সরকার বিষয়টিতে সাহায্য করে দেবে। প্রথমে ৬০০ টি পরিবার ছিল। কিন্তু সেটা কমে কমে বর্তমান ১৮৫ টি পরিবারে সীমিত হয়েছে। কোথাও না কোথাও তাদের আসল জমি রয়েছে। নিজেদের জমি। ফলে সেখানে ফিরে গেলেই হলো। কিন্তু তাৎপর্যপূর্ণভাবে এই পরিবার গুলো সেটাও করেনি বলে মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী ড০ হিমন্ত বিশ্ব শর্মা।






# বিব্রতকর রেকর্ড গড়ে কোহলিদের কাছে বিধ্বস্ত বাটলাররা




**জয়পুর (ওয়েবডেস্ক)** ঃ ফাফ ডু প্লেসি বিরাট কোহলিরাও হয়তো সতীর্থ বোলারদের থেকে এতটা আশা করেননি। তবে রাজস্থান রয়্যালস ৩১ রানে ৬ উইকেট হারানোর পর নিশ্চয় মোহাম্মদ সিরাজ ওয়েন পারনেলদের কাছে আরও ভালো বোলিংয়ের প্রত্যাশায় ছিলেন! আইপিএল ইতিহাসে সর্বনিম্ন রানে অলআউট হওয়ার রেকর্ড যে কোহলি ডু প্লেসিদের রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর! ২০১৭ সালে ইডেন গার্ডেন্সে কলকাতা নাইট রাইডার্সের বিপক্ষে ৪৯ রানে গুটিয়ে গিয়েছিল বেঙ্গালুরু। ব্রিবতকর সেই রেকর্ড থেকে পরিত্রাণ পাওয়ার সুযোগ মিলেছিল আজ। কিন্তু অল্পের জন্য হলো না। বেঙ্গালুরুর বিপক্ষে জস বাটলার সঞ্জু স্যামসনদের রাজস্থান অলআউট হয়েছে ৫৯ রানে যা আইপিএল ইতিহাসের তৃতীয় সর্বনিম্ন দলীয় সংগ্রহ। জয়পুরের সাওয়াই মানসিং স্টেডিয়ামে আগে ব্যাট করে ৫ উইকেটে ১৭১ রান তোলা বেঙ্গালুরু জিতেছে ১১২ রানের বিশাল ব্যবধানে। আইপিএলে দ্বিতীয় সর্বনিম্ন দলীয় সংগ্রহটাও রাজস্থানের। ২০০৯ সালে এই বেঙ্গালুরুর বিপক্ষেই ৫৮ রানে অলআউট হয়েছিল তারা। ভারতে লোকসভা নির্বাচনের কারণে সেবার টুর্নামেন্ট হয়েছিল দক্ষিণ আফ্রিকায়।
দুর্দান্ত এ জয়ে নেট রান রেটে অনেক এগিয়ে গিয়ে পয়েন্ট তালিকার পাঁচে উঠে এসেছে বেঙ্গালুরু। রাজস্থান নেমে গেছে ছয়ে। দুদলেরই পয়েন্ট সমান ১২ করে। তবে বেঙ্গালুরু রাজস্থানের চেয়ে এক ম্যাচ কম খেলেছে।

# চেলসি কোচের দায়িত্ব নিচ্ছেন পচেত্তিনো

**প্যারিস (ওয়েবডেস্ক)** ঃ ঘন ঘন পরিবর্তনের কারণে চেলসি কোচের পদকে মনে করা হয় সবচেয়ে উত্তপ্ত চেয়ার। এবার সেই চেয়ারে বসতে যাচ্ছেন মরিসিও পচেত্তিনো। ৫১ বছর বয়সী এই আর্জেন্টাইন কোচ চেলসি কোচ হতে সম্মতি দিয়েছেন বলে সূত্র থেকে নিশ্চিত হয়েছে ইএসপিএন ও বিবিসি। কিছু দিনের মধ্যে তাঁকে কোচ হিসেবে আনুষ্ঠানিক ঘোষণা দেবে চেলসি। তখনই জানা যাবে, কত দিনের চুক্তি হচ্ছে দুই পক্ষের। গত কয়েক বছরের চেলসি কোচদের ক্ষেত্রে অবশ্য চুক্তির মেয়াদ বিশেষ গুরুত্ব বহন করেনি। যাঁর মেয়াদ যেমনই ছিল, কর্তৃপক্ষ ছাঁটাই করায় আগেভাগেই বিদায় নিতে হয়েছে। পচেত্তিনো হতে যাচ্ছেন গত পাঁচ বছরের মধ্যে চেলসির ষষ্ঠ কোচ। চলতি ২০২২-২৩ মৌসুমের শুরুতে চেলসির কোচ ছিলেন টমাস টুখেল। সেপ্টেম্বরে জার্মান এই কোচকে বিদায় করে গ্রাহাম পটারকে পাঁচ বছরের জন্য নিয়োগ দেওয়া হয়েছিল। আর যাই হোক, অন্তত প্রথম বছর তাঁর চাকরি অক্ষত থাকবে বলে আশ্বস্ত করার খবরও শোনা গিয়েছিল তখন। কিন্তু মাঠের পারফরম্যান্সে চেলসি ভালো কিছু করতে না পারায় সাত মাসের মাথায় বড় অঙ্কের ক্ষতিপূরণ দিয়ে পটারকে ছাঁটাই করে দেয় কর্তৃপক্ষ। মৌসুমের বাকি অংশের জন্য অন্তর্বর্তীকালীন কোচ হিসেবে কাজ করছেন সাবেক খেলোয়াড় ও কোচ ফ্রাঙ্ক ল্যাম্পার্ড। পটারের পর চেলসির নতুন কোচ হিসেবে আলোচনায় ছিলেন পচেত্তিনো, লুইস এনরিকে ও ইউলিয়ান নাগলসমান। শেষ পর্যন্ত সাবেক টটেনহাম কোচ পচেত্তিনোর সঙ্গেই আলোচনা সফল হয়েছে চেলসির। পচেত্তিনো ২০১৪ থেকে ২০১৯ পর্যন্ত টটেনহামের ডাগআউটে ছিলেন। তাঁর অধীন একবার চ্যাম্পিয়নস লিগ ফাইনালেও জায়গা করে নেয় স্পারসরা। আর্জেন্টাইন এই কোচ সবশেষ কাজ করেছেন পিএসজিতে। চলতি মৌসুমে তিনি কোথাও কোচিং করাচ্ছেন না। ইএসপিএনের খবরে বলা হয়, পচেত্তিনো দায়িত্ব নেবেন আরও কয়েক সপ্তাহ পর। সামনের গ্রীষ্মকালীন দলবদলে স্কোয়াড সাজানো নিয়ে কথা বলবেন চেলসির অন্যতম মালিক টড বোয়েলি ও বেহদাদ এঘবালির সঙ্গে। কিছু খেলোয়াড় কেনার পাশাপাশি বর্তমান কয়েকজনকে ছেড়ে দেওয়ার কাজও করতে হবে পচেত্তিনোকে। ধারে অন্য ক্লাবে থাকা খেলোয়াড় বাদেই চেলসির বর্তমান স্কোয়াড ৩১ জনের।



# মেসির জন্য 'দুয়ো'র চেয়ে তালি বেশি ছিল, বললেন পিএসজি কোচ



**প্যারিস** ঃ নিষেধাজ্ঞা উঠে যাওয়ার পর লিওনেল মেসি ফিরেছেন ফ্রেঞ্চ লিগের ম্যাচে। গতকাল রাতে আজাকসিওর বিপক্ষে পিএসজির গোল উৎসবের ম্যাচেও তিনি প্যারিস সমর্থকদের মন পাননি। মেসির পায়ে বল যাওয়ার পর দুয়ো দিয়েছেন সমর্থকেরা। ক্লাবের অনুমতি ছাড়াই সৌদি আরবে যাওয়ায় সমর্থকদের একটি অংশের চক্ষুশূলে পরিণত হয়েছেন তিনি। এমনকি নিজের সৌদি সফর নিয়ে ক্ষমা চেয়েও পিএসজি সমর্থকদের ক্ষোভের হাত থেকে বাঁচতে পারছেন না। এর আগে নিষিদ্ধ হওয়ার পরদিন পিএসজি সমর্থকেরা তাঁকে 'ভাড়াটে খেলোয়াড়' বলে স্লোগান দিয়েছিলেন।
পিএসজিতে প্রায় দুই বছর ধরে আছেন মেসি। 'দুয়ো' অবশ্য তাঁর কাছে নতুন কিছু নয়। এর আগেও কয়েকবারই তিনি সমর্থকদের কাছ থেকে 'দুয়ো' শুনেছেন। চ্যাম্পিয়নস লিগে টানা দুবার শেষ ষোলো থেকে বিদায় নিয়েছে পিএসজি। সমর্থকেরা আগে থেকেই সন্তুষ্ট নয় তাঁর ওপর। চলতি বছর যা ব্যাপক মাত্রায় বেড়েছে।
সৌদি আরব যাওয়ার কারণে মেসিকে দুই সপ্তাহের নিষেধাজ্ঞা দেওয়া হয়েছিল চলতি মাসের শুরুতে। তবে এক সপ্তাহ শেষের আগেই মেসিকে অনুশীলনের অনুমতি দেয় পিএসজি। এর মধ্যেই খবর বেরিয়েছে, মেসি নাকি সৌদি আরবের একটি ক্লাবের সঙ্গে চুক্তি চূড়ান্ত করে ফেলেছেন। যদিও মেসির ঘনিষ্ঠজনেরা সেটি অস্বীকার করেছেন। কিন্তু মৌসুম শেষ হওয়ার আগেই এ ধরনের সংবাদ পিএসজি সমর্থকদের বিরক্তির বড় কারণ। আজাকসিওর বিপক্ষে ম্যাচে সমর্থকেরা যে মেসিকে দুয়ো দিয়েছেন, সেটি ম্যাচ শেষে ক্রিস্তফ গালতিয়েরের কথায়ও উঠে আসে। তবে পিএসজি কোচ ব্যাপারটা দেখছেন ভিন্নভাবে। তাঁর দাবি, মেসি দুয়োর চেয়ে হাত তালিই বেশি পেয়েছেন, 'হ্যাঁ, মেসি যখন বল ধরেছে, তখন গ্যালারি থেকে কিছু হুইসেলের শব্দ পাওয়া গেছে। তবে সেটি ক্ষণিকের জন্য। সঙ্গে সঙ্গে গ্যালারির বাকি অংশ হাত তালি দিয়ে সেই হুইসেলের আওয়াজ ঢেকে দিয়েছে।' গত কয়েক দিনে মেসির ওপর দিয়ে রীতিমতো ঝড়ই বয়ে গেছে। সৌদি ভ্রমণ নিয়ে বিতর্ক, ক্লাবের নিষেধাজ্ঞা, ইনস্টাগ্রামে ক্ষমা চাওয়া, সৌদি আরবের ক্লাবের সঙ্গে চুক্তি নিয়ে আন্তর্জাতিক গণমাধ্যমে সংবাদ প্রকাশ, সেটি অস্বীকার ঝড়ই তো। কিন্তু কাল আজাকসিওর বিপক্ষে মেসিকে দারুণ মনোযোগীই দেখেছেন গালতিয়ের, 'আমি যেটা দেখলাম, মেসি ম্যাচে খুবই মনোযোগী ছিল। দলের আক্রমণ তৈরিতেও সে দুর্দান্ত ছিল। সে দলকে খেলিয়েছে, অনেক সুযোগ তৈরি করার পেছনে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে।'
এমন পরিস্থিতি মেসির জন্য নতুন কিছু নয় বলেই মনে করেন পিএসজি কোচ, 'আমার মনে হয়, সে এ ধরনের পরিস্থিতিতে অভ্যস্ত। সে তাঁর ফুটবল ক্যারিয়ারে এমন পরিস্থিতিতে অনেক পড়েছে। তবে আমি আবার বলতে চাই, মেসিকে দেওয়া প্রতিটি দুয়োই সমর্থকদের অনুপ্রেরণাদায়ী চিৎকারে ঢেকে গেছে।'
ম্যাচের শেষে মেসির পিএসজি সতীর্থ রেনাতো সানচেজ ও দানিলো পাহেইরা দুয়ো দেওয়া সমর্থকদের সমালোচনা করেছেন। সানচেজের মতে, 'ব্যাপারটা বেশ অদ্ভুতই। এটি মেসির জন্য মেনে নেওয়া কঠিন, ক্লাবের জন্যও বিব্রতকর।' ক্যানাল প্লাস টিভি চ্যানেলকে দানিলো বলেছেন, 'আপনার সতীর্থ আপনারই দলের সমর্থকদের দুয়ো খাচ্ছে, এটা মেনে নেওয়া খুব কঠিন। কেউ যদি কাউকে 'দুয়ো' দেয়, এটা মনে রাখতে হবে, সে পুরো দলকেই 'দুয়ো' দিচ্ছে এটা মেনে নেওয়া কঠিন।'

# ৫ বছর আগে মাত্র ৪০ লাখ পাউন্ডে হলান্ডকে কিনতে পারত ইউনাইটেড

**প্যারিস** ঃ আর্লিং হলান্ডকে ২০১৮ সালেই কিনতে পারত ম্যানচেস্টার ইউনাইটেড এমন খবর দেখে ইউনাইটেড ভক্তরা এখন মন খারাপ করতেই পারেন। হলান্ডকে কেনার প্রস্তাবটা ইউনাইটেড কর্তৃপক্ষের কাছে নিয়ে এসেছিলেন নরওয়েজীয় কোচ ওলে গুনার সুলশার। যিনি এই প্রস্তাব আনার ছয় মাস পর ইউনাইটেড কোচের দায়িত্ব নেন। সুলশার যখন 'রেড ডেভিল'দের হলান্ডকে কেনার পরামর্শ দেন, তখন ইউনাইটেডের কোচ ছিলেন জোসে মরিনিও। কিন্তু সে সময় সুলশারের প্রস্তাবে কেউ কান দেননি। এর কয়েক দিন পরই হলান্ড নাম লেখান অস্ট্রিয়ান ক্লাব সাল্‌জবুর্গে। যেখান থেকে বরুসিয়া ডর্টমুন্ড হয়ে পরে ৬ কোটি ইউরো (৭০২ কোটি ৫৩ লাখ টাকা) রিলিজ ক্লজে ম্যানচেস্টার সিটিতে আসেন হলান্ড। আর সিটিতে এসে চলতি মৌসুমে হলান্ড কী করছেন, সেই ইতিহাস তো সবারই জানা। একের পর রেকর্ড ভেঙে প্রিমিয়ার লিগের নতুন গল্প লিখে চলেছেন এই স্ট্রাইকার। চলতি মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে হলান্ডের গোল এখন ৫১টি, এর মধ্যে প্রিমিয়ার লিগেই ৩৫টি। এমন কাউকে নামমাত্র দামে সুযোগ পেয়েও দলে না নেওয়ার আক্ষেপ নিশ্চয় ইউনাইটেড কর্তৃপক্ষকেও পুড়িয়ে থাকবে। ২০১৮ সালের ডিসেম্বরে ইউনাইটেডের কোচ হয়ে আসেন ক্লাবেরই সাবেক ফুটবলার সুলশার। ২০২১ সালের নভেম্বরে ইউনাইটেড কোচের পদ থেকে ছাঁটাই হন নরওয়ের এই কোচ। সম্প্রতি ইউনাইটেডের কাছে হলান্ডকে কেনার পরামর্শ দেওয়ার ঘটনা সামনে এনেছেন সুলশার। সে স্মৃতি মনে করে দ্য সানকে সুলশার বলেছেন, 'দায়িত্ব নেওয়ার ৬ মাস আগে ইউনাইটেড কর্তৃপক্ষকে ফোন করি, তাদের বলেছি আমি একজন স্ট্রাইকারকে খুঁজে পেয়েছি। কিন্তু তারা আমার কথা শোনেনি। আমি তাদের কাছ থেকে হলান্ডের জন্য ৪ মিলিয়ন পাউন্ড (৫৩ কোটি ৩৫ লাখ টাকা) চেয়েছিলাম। কিন্তু তারা এরপরও তাকে দলে ভেড়ায়নি।'





# স্কুলে চাকরিরত ৩৬ হাজারের নিয়োগ বাতিল আদালতে

**কলকাতা (ওয়েবডেস্ক)ঃ** ৩৬ হাজার প্রাথমিক শিক্ষকের চাকরি বাতিল করে দিল কলকাতা হাইকোর্ট। অভিযোগ, প্রশিক্ষণ না থাকলেও এদের নিয়োগ দেয়া হয়েছিল। পর্ষদ এই রায়কে চ্যালেঞ্জ জানিয়েছে।

বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় অতীতে এই নিয়োগ দুর্নীতির শুনানিতে কঠোর পদক্ষেপের হুঁশিয়ারি দিয়েছিলেন। বলেছিলেন, 'আমি ঢাকি সমেত বিসর্জন দিয়ে দেব।' সেই অনুযায়ী শুক্রবার তার নজিরবিহীন নির্দেশ। এই প্রথমবার এতজনের চাকরি একলপ্তে বাতিল করল আদালত। ২০১৬ সালে নিযুক্ত সাড়ে ৪২ হাজার শিক্ষকের মধ্যে বাতিল হয়ে গেল প্রশিক্ষণহীন ৩৬ হাজারের চাকরি। পদে থাকলেন মাত্র সাড়ে ৬ হাজার শিক্ষক।

৩৬ হাজার নিয়োগপ্রাপ্তের চাকরি বাতিল করলেও এখনই তাদের স্কুলছাড়া হতে হচ্ছে না। আগামী চারমাস তারা স্কুলে যেতে পারবেন। কিন্তু পূর্ণ সময়ের শিক্ষক হিসাবে নয়, তারা পার্শ্বশিক্ষকের মতো বেতন পাবেন। রায় দিতে গিয়ে আদালতের পর্যবেক্ষণ, নিয়োগ বাবদ খরচ সাবেক পর্ষদ সভাপতি মানিক ভট্টাচার্যের কাছ থেকে তোলা হতে পারে!

নিয়োগ থেকে বঞ্চিত প্রশিক্ষণহীন চাকরিপ্রার্থীরা মামলা করেন হাইকোর্টে। তাদের বক্তব্য, তাদের থেকে কম নম্বর পেয়ে অনেক পরীক্ষার্থী নিয়োগ পেয়েছেন। এই পরীক্ষার্থীদেরও প্রশিক্ষণ নেই। তা হলে বেশি নম্বর পেয়েও তারা কেন বঞ্চিত হলেন?

মামলাকারীরা আদালতে নাম, নম্বর, র‍্যাঙ্ক ও অন্যান্য তথ্যসহ অপ্রশিক্ষিত প্রার্থীদের তালিকা জমা দেন। পরে পর্ষদের তালিকায় দেখা যায়, মামলাকারীদের অভিযোগ যথার্থ। নিয়োগ করার সময় ওই প্রার্থীদের প্রশিক্ষণ ছিল না।

আদালতের রায়কে চ্যালেঞ্জ জানিয়েছে প্রাথমিক শিক্ষা পর্ষদ। সভাপতি গৌতম পালের বক্তব্য, 'হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে আবেদন করা হবে। ইতিমধ্যে আইনি পরামর্শ নেয়া শুরু হয়েছে। চাকরিরত ৩৬ হাজার শিক্ষকরা আর অপ্রশিক্ষিত নেই। এনসিটিই'র নির্দেশিকা অনুযায়ী দূরশিক্ষার মাধ্যমে প্রশিক্ষণ দেয়া




হয়েছে।'

প্রশিক্ষণের ক্ষেত্রে অ্যাপটিটিউড টেস্ট নেয়া হয়নি বলে অভিযোগ উঠেছে। গৌতমের দাবি, 'বিশেষজ্ঞরা অ্যাপটিটিউড টেস্ট নিয়েছেন। তারাই নম্বর দিয়েছেন।' নিয়োগের দুই বছরের মধ্যে প্রশিক্ষণের প্রক্রিয়া সম্পন্ন হয়েছে বলে দাবি সভাপতির। এদের ফের যোগ্যতা নির্ণায়ক পরীক্ষায় বসতে হবে বলে নির্দেশ দিয়েছেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। আগামী চার মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সেরে ফেলার কথা বলেছেন তিনি।

পর্যবেক্ষক বিশ্বনাথ চক্রবর্তীর বক্তব্য, 'কর্মপ্রার্থী ও নিয়োগপ্রাপ্তরা বলছেন অ্যাপটিটিউড টেস্ট নেয়া হয়নি।চক ডাস্টার ছাড়া কীভাবে এই পরীক্ষা হয়ে গেল? তা হলে কী করে পর্ষদ বলছে যে টেস্ট হয়েছে?'

বিরোধীরা আদালতের রায়ের সূত্রে তৃণমূল সরকারকে বিঁধেছে। বিজেপি নেতা, আইনজীবী তরুণজ্যোতি তিওয়ারির মন্তব্য, 'পর্ষদের আইনজীবী আদালতে বলছেন, অ্যাপটিটিউড টেস্টের বিষয়টি তার জানা নেই। অথচ পর্ষদ সভাপতি বলছেন যে টেস্ট নেয়া হয়েছে। আসলেনতুন সভাপতি মানিক ভট্টাচার্যেরই উত্তরসূরি।'' সাবেক পর্ষদ সভাপতি ও তৃণমূল বিধায়ক মানিক ভট্টাচার্য নিয়োগ দুর্নীতিতে এখন জেলে। কারাগারে রয়েছেন তার স্ত্রী ও পুত্রও।

সিপিএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তীর প্রতিক্রিয়া, 'এতজন চাকরি হারালেন, এটা দেখে খারাপ লাগছে। এ বার যারা টাকার বিনিময়ে চাকরি দিয়েছেন, তাদের কাছ থেকে টাকা আদায় করুন।' প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরীর কটাক্ষ, 'দুর্নীতিতে পশ্চিমবঙ্গ গিনেস বুকে নাম তুলবে!' আদালত ও পর্ষদ আইনি লড়াইয়ে যুযুধান। তারই মধ্যে বিপুল সংখ্যক নিয়োগপ্রাপ্তের চাকরি বাতিল। এই পরিস্থিতিতে তৃণমূল কংগ্রেস মুখপাত্র কুণাল ঘোষের প্রতিক্রিয়া, 'এটা জেদাজেদির বিষয় নয়। এর জন্য কাউকে যেন বলি হতে না হয়।'

বিপুল সংখ্যক শিক্ষকের নিয়োগ বাতিল হওয়ায় বিদ্যালয় পরিচালনা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। পঠনপাঠনের পাশাপাশি মিড ডে মিলকে কেন্দ্র করে বড়সড় কর্মযজ্ঞ চলে প্রাথমিক স্কুলে। আদালতের নির্দেশে যে শিক্ষকরা এখন পার্শ্বশিক্ষক, অনেক কম বেতন পাবেন, তাদের দ্বারা স্কুল কীভাবে চলবে, এ নিয়ে প্রশ্ন উঠেছে। বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আনন্দ হান্ডা ডয়চে ভেলেকে বলেন, 'পড়ুয়াদের যাতে ক্ষতি না হয়, সেটা মাথায় রাখতে হবে। যে ৩৬ হাজারের চাকরি বাতিল হয়েছে, তাদের নিয়োগের সময় যোগ্যতা না থাকলেও পরে তারা তা অর্জন করেছেন। একজনেরও যাতে চাকরি বাতিল না হয়, সেটা রাজ্যকে দেখতে হবে। যারা পাশ করেও চাকরি পাননি, তাদেরও স্বচ্ছভাবে এখনই নিয়োগ করা হোক।'

স্কুলের মতো পুরসভার নিয়োগেও অনিয়মের অভিযোগ সংক্রান্ত মামলায় শুক্রবার হাইকোর্টে ধাক্কা খেয়েছে পশ্চিমবঙ্গ সরকার। পুর নিয়োগের মামলায় সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছিলেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। এর বিরুদ্ধে সুপ্রিম কোর্টে আবেদন করে রাজ্য। সিবিআই তদন্তের নির্দেশে সাময়িক স্থগিতাদেশ দেয় শীর্ষ আদালত। রিভিউ পিটিশন দাখিল করতে বলে হাইকোর্টে। ইতিমধ্যে এই মামলার দায়িত্ব পান হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা। তিনি সিবিআই তদন্তের নির্দেশই বহাল রেখেছেন।

# ৪ মাসে ৭৯ বাংলাদেশিকে ফেরত রোমানিয়ার

**রোমানিয়া (ওয়েবডেস্ক)ঃ** ২০২৩ সালের প্রথম চার মাসে ২৯৬ জন বিদেশি নাগরিককে নিজ দেশে 'ডিপোর্ট' বা ফেরত পাঠিয়েছে রোমানিয়া।

এই অভিবাসীদের মধ্যে ৭৯ জন বাংলাদেশি বলে নিশ্চিত করেছে দেশটির অভিবাসন দপ্তর। চলতি বছরের ১ জানুয়ারি থেকে ৩০ এপ্রিল পর্যন্ত এসব অভিযান পরিচালনা করে রোমানিয়া পুলিশ ও অভিবাসন দপ্তর।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে রোমানিয়া জেনারেল ইনস্পেক্টরেট ফর ইমিগ্রেশন জানায়, ফেরত পাঠানো ব্যক্তিদের মধ্যে ২৭৩ জনকে রোমানিয়ার বিমানবন্দর থেকে বিমানযোগে ফেরত পাঠানো হয়েছে। এছাড়া, ২৩ অভিবাসীকে ফ্রন্টেক্স অথবা রোমানিয়া পুলিশের তত্ত্বধানে নিজ দেশে পাঠানো হয়েছে। ফেরত পাঠানো ব্যক্তিদের বেশিরভাগই অবৈধ উপায়ে রোমানিয়ার সীমান্ত অতিক্রম করে শেঙেন জোনে প্রবেশের চেষ্টা করে পুলিশের হাতে আটক হন। এছাড়াও অনিয়মিত উপায়ে দেশটিতে অবস্থান ও কাজে নিয়োজিতদের বিরুদ্ধে পরিচালিত অভিযান থেকেও অনেককে আটক করা হয়। তাদের একটি অংশকে স্বেচ্ছায় ১৫ দিনের মধ্যে দেশ ত্যাগের নোটিশ দেয়া হয়েছিল। এই আইনি নোটিশ না মানায় সংশ্লিষ্টদের জোরপূর্বক তাদের নিজ দেশে ফেরত পাঠানো হয় বলে জানিয়েছে কর্তৃপক্ষ।



ফেরত পাঠানোদের মধ্যে সবচেয়ে বেশি ৭৯ জন বাংলাদেশের। এছাড়া পাকিস্তানের রয়েছেন ৩৭ জন। বাকিরা অন্যান্য দেশের নাগরিক বলে জানিয়েছে জেনারেল ইনস্পেক্টরেট ফর ইমিগ্রেশন (আইজিআই)।

এই কার্যক্রম কয়েক ধাপে সম্পন্ন হয় বলে জানিয়েছে বুখারেস্ট কর্তৃপক্ষ। এর মধ্যে গত মাসের ২২ এপ্রিল অভিবাসন কেন্দ্রে আটক থাকা ২১ জন বিদেশি নাগরিককে একটি বিশেষ চার্টার বিমানে ফেরত পাঠানো হয়। তাদের মধ্যে ১৪ জন বাংলাদেশি, ছয় জন পাকিস্তানি এবং একজন তুরস্কের নাগরিক ছিলেন। তাদের বয়স ২১ থেকে ৪৫ বছরের মধ্যে। এর মধ্যে ১৯ জন বেআইনি উপায়ে সীমান্ত অতিক্রমের চেষ্টা করতে গিয়ে ধরা পড়েন।

যেসব অভিবাসীদের কাছে আটকের সময় কোনো পাসপোর্ট বা নথি পাওয়া যায়নি তাদের ক্ষেত্রে কূটনৈতিক মিশন বা কনস্যুলার অফিসের সহায়তায় বিশেষ অনুমতি পত্র নিয়ে ফেরত পাঠানো হয়েছে।

## টুকরো খবর

# রাশিয়াকে অস্ত্র দিচ্ছে সাউথ আফ্রিকা!

**সাউথ আফ্রিকা (ওয়েবডেস্ক)ঃ** সম্প্রতি সাউথ আফ্রিকার বিরুদ্ধে এই অভিযোগ এনেছে অ্যামেরিকা। তদন্তের আশ্বাস সাউথ আফ্রিকার। গত ডিসেম্বর মাসে রাশিয়ার পতাকা লাগানো একটি জাহাজ সাউথ আফ্রিকার বন্দরে এসে দাঁড়ায়। তাতে অস্ত্র মজুত করে দেয় সাউথ আফ্রিকা। এরপর জাহাজটি রাশিয়ার দিকে রওনা হয়। এমনই অভিযোগ করেছে অ্যামেরিকা। ওয়াশিংটনে সাউথ আফ্রিকার রাষ্ট্রদূতকে ডেকে এবিষয়ে জানতে চেয়েছে অ্যামেরিকা। সাউথ আফ্রিকা এখনো এবিষয়ে কোনো মন্তব্য করেনি। তবে বিষয়টি নিয়ে তদন্তের আশ্বাস দেয়া হয়েছে।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধে সাউথ আফ্রিকা কোনো পক্ষ নেয়নি। বরং তারা মধ্যবর্তী অবস্থান নিয়েছে। কোনো পক্ষকেই ভোট দেয়নি। কিন্তু তারা গোপনে রাশিয়াকে সমর্থন করেছে বলে অভিযোগ উঠেছে। এবং সে কারণেই সম্পূর্ণ গোপনে তারা রাশিয়াকে অস্ত্র দিয়েছে বলে অ্যামেরিকার অভিযোগ। অ্যামেরিকার দাবি, গত ৬ থেকে ৮ ডিসেম্বরের মধ্যে সাউথ আফ্রিকার সবচেয়ে বড় নৌঘাঁটি সাইমন টাউনে রাশিয়ার পতাকা লাগানো একটি জাহাজ এসে দাঁড়ায়। অথচ জাহাজটির সেখানে দাঁড়ানোর কথা নয়। কারণ, রাশিয়ার বিরুদ্ধে নিষেধাজ্ঞা জারি হয়েছে। সাউথ আফ্রিকা ট্রাকে করে অস্ত্র নিয়ে গিয়ে ওই জাহাজে ভর্তি করেছে বলে অ্যামেরিকা নিশ্চিত। এদিকে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি একটি টেলিভিশন সাক্ষাৎকারে বলেছেন, কাউন্টার অফেনসিভ বা পাল্টা আক্রমণের পথে এখনই যাচ্ছে না ইউক্রেনের সেনা। তবে তার প্রস্তুতি চলছে। ইউক্রেনের যত জমি রাশিয়া দখল করে রেখেছে, তার পুরোটাই পুনর্দখল করা হবে বলে এদিন জানিয়েছেন জেলেনস্কি। কিন্তু এখনই পাল্টা আক্রমণে যাওয়া সম্ভব নয় বলে তার অভিমত। জেলেনস্কি জানিয়েছেন, আরো বেশ কিছু অস্ত্র প্রয়োজন, আর্মার্ড ভেহিক্যাল প্রয়োজন। সেগুলি ছাড়া পাল্টা আক্রমণে গেলে প্রচুর সেনার মৃত্যু হবে, যা কোনোভাবেই মেনে



নেওয়া যায় না। অন্য এক সাক্ষাৎকারে ইউক্রেনের পররাষ্ট্রমন্ত্রী দিমিত্রি কুলেবাও একই কথা বলেছেন। তবে কুলেবা জানিয়েছেন, পাল্টা আক্রমণ হবেই। এখন কেবল সময়ের অপেক্ষা। এদিকে ইউক্রেনের অর্থমন্ত্রী জানিয়েছেন, গত একবছরে পশ্চিমা দেশগুলির থেকে ১৬ বিলিয়ন ডলারেরও বেশি অর্থ মিলেছে। পশ্চিমা দেশগুলি জানিয়েছে, প্রয়োজনে আরো সাহায্য করা হবে ইউক্রেনকে। পাশাপাশি রাশিয়াকে ফের যুদ্ধ বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে। বিশেষজ্ঞদের প্রশ্ন, পাল্টা আক্রমণের প্রসঙ্গ তুলে জেলেনস্কি কি ক্রাইমিয়াও পুনর্দখলের কথা বলছেন? সাক্ষাৎকারে জেলেনস্কি অবশ্য এই বিষয়টি স্পষ্ট করেননি।






JATIO KHOBOR
BANGLA DAINIK
বাংলা দৈনিক
# জাতীয় খবর
রাঁচি
সোমবার
web : www.rashtriyakhabar.com
epaper.rastriyakhabar.com
15:05:2023


দেশের দশের কথা

রাজনীতির তোলপাড়

## সেন্ট মার্টিনের সব হোটেল এখন আশ্রয়কেন্দ্র, তিল ধারণের জায়গা নেই

**ঢাকা (এজেন্সী) ঃ** বাংলাদেশের দক্ষিণপূর্ব উপকূলের দিকে ঘূর্ণিঝড় মোখা যত এগিয়ে আসতে শুরু করেছে, কক্সবাজারের সেন্ট মার্টিন দ্বীপ এবং টেকনাফ উপকূলের মানুষজনের মধ্যে আতঙ্ক বাড়ছে। শনিবার দুপুরের পর থেকেই সেন্ট মার্টিনের বাসিন্দারা বিভিন্ন আশ্রয় কেন্দ্রে উঠতে শুরু করেছেন। সেখানকার বহুতল হাসপাতাল, সাইক্লোন সেন্টার ও গেস্ট হাউজের পাশাপাশি বহুতল রিসোর্টগুলোকেও আশ্রয় কেন্দ্র ঘোষণা করা হয়েছে। টেকনাফের হালকা, ভঙ্গুর বাড়িঘরগুলোর বাসিন্দাদেরও নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেয়া শুরু হয়েছে। এসব এলাকায় প্রায় পাঁচ লাখ মানুষকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেয়া



হচ্ছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে। তবে টেকনাফ ও উখিয়ার রোহিঙ্গা ক্যাম্পগুলোয় ১২ লাখের বেশি মানুষকে আপাতত ক্যাম্পেই রাখা হয়েছে। বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, রবিবার বিকাল নাগাদ অতি প্রবল ঘূর্ণিঝড় মোখা বাংলাদেশের টেকনাফ উপকূল দিয়ে অতিক্রম করতে পারে। কক্সবাজার ও চট্টগ্রাম সমুদ্র বন্দরকে ১০ নম্বর মহাবিপদ সংকেত দেখাতে বলা হয়েছে। ঘূর্ণিঝড় এগিয়ে আসার সাথে সাথে দ্বীপের বিভিন্ন বহুতল ভবনে আশ্রয় নিতে শুরু করেছেন বাংলাদেশের মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন হয়ে পড়া সেন্টমার্টিন দ্বীপের বাসিন্দারা।

# তুরস্কের নির্বাচনে নির্ধারিত হচ্ছে এরদোয়ানের ভবিষ্যৎ



**তুরস্ক (এজেন্সী) ঃ** তুরস্কের জনগণ দেশটির আধুনিক ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ এক নির্বাচনে ভোট দিতে শুরু করেছেন যাতে নির্ধারিত হবে বিশ বছর ধরে ক্ষমতায় থাকা প্রেসিডেন্ট রেচেপ তাইয়িপ এরদোয়ানের ভবিষ্যৎ।

নির্বাচনে তাঁর প্রধান প্রতিদ্বন্দ্বী কেমাল কুলুচদারুলু , যিনি নির্বাচিত হলে প্রেসিডেন্টের হাতে মি. এরদোয়ান যে ক্ষমতা কুক্ষিগত করেছেন, তা বাতিল করার প্রতিশ্রুতি দিচ্ছেন। ২০১৬ সালে এক ব্যর্থ সামরিক অভ্যুত্থানের পর রেচেপ তাইয়িপ এরদোয়ান প্রেসিডেন্ট পদের নির্বাহী ক্ষমতা অনেক বৃদ্ধি করেন।

মি. কুলুচদারুলু এক বৃহত্তর বিরোধী জোটের প্রার্থী এবং তাঁর নির্বাচনে জেতার সত্যিকারের সম্ভাবনা দেখতে পাচ্ছেন অনেকে।

কিন্তু এই নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতা এতটাই তীব্র এবং এর ওপর তুরস্কের এত কিছু নির্ভর করছে যে, প্রার্থীরা একেবারে শেষ মূহুর্ত পর্যন্ত নির্বাচনী প্রচারণা চালিয়ে গেছেন।

প্রেসিডেন্ট এরদোয়ান নির্বাচনী বিধির পরোয়া না করে শনিবার সন্ধ্যায় ইস্তাম্বুলে একটি মসজিদে নামাজ পড়তে আসা লোকজনের সামনে বক্তৃতা দিয়েছেন।

আজকের নির্বাচনে জিততে হলে একজন প্রার্থীকে মোট প্রদত্ত ভোটের অন্তত ৫০ শতাংশ পেতে হবে। নতুবা দুই সপ্তাহের মধ্যে দ্বিতীয় দফা ভোট নেয়া হবে।

তুরস্কের স্থানীয় সময় সকাল আটটায় ভোট গ্রহণ শুরু হওয়ার অনেক আগে থেকেই ভোট কেন্দ্র গুলোর সামনে ভোটাররা লাইন দিয়েছেন বলে খবর পাওয়া যাচ্ছে।

তুরস্কের ভোটাররা এমন এক সময়ে এই নির্বাচনে ভোট দিচ্ছেন যখন তাদের কঠিন অর্থনৈতিক অবস্থার মোকাবেলা করতে হচ্ছে।

দেশটিতে মূল্যস্ফীতি এখন লাগামছাড়া। সরকারি হিসেবেই মূল্যস্ফীতির হার ৪৪ শতাংশ। কিন্তু অনেক মানুষের ধারণা এটি আসলে অনেক বেশি হবে। অন্যদিকে তুরস্কের ১১ টি প্রদেশ সম্প্রতি দুই দফা ভূমিকম্পের ধাক্কা সামলাতে হিমসিম খাচ্ছে। এই ভূমিকম্পে ৫০ হাজারের বেশি মানুষ মারা গেছে। আংকারার ভোটার বুরাক ওনডার তার চশমার দোকানে বসে বলছিলেন, লোকজন এখন চশমা কেনা মনে হচ্ছে বাদই দিয়েছে। লোকে এখন আর এখন চশমার দাম কমানোর জন্য দরদাম পর্যন্ত করে না, তাদের চশমা কেনারই অর্থ নেই। প্রেসিডেন্ট এরদোয়ান অর্থনীতির প্রথাগত নিয়ম ভেঙ্গে যেভাবে সুদের হার কমিয়েছেন, তার ফলে তুরস্কে মূল্যস্ফীতি অনেক বেড়ে গেছে। অথচ ঐ একই সময়ে বিশ্বের অন্যান্য দেশে সুদের হার বাড়ানো হচ্ছিল। বুরাক ওনডারের চশমার দোকানের একই রাস্তায় রাহিমার দোকান। জিনিস পত্রের গায়ে একটা দামের ওপর আরেকটা দাম সেঁটে দিচ্ছেন তিনি, কারণ দাম বাড়ছে প্রতিদিন।

লোকজন দোকানে এসে জিজ্ঞেস করে, কেন প্রতিদিন দাম বাড়ছে, এরপর তারা কিছু না কিনেই চলে যায়, বলছিলেন তিনি। রাহিমার ১৯ বছর বয়সী কন্যা সুদেনার তার ভবিষ্যৎ নিয়ে চিন্তিত। স্পোর্টস সায়েন্স নিয়ে পড়াশুনা করতে চান তিনি, কিন্তু এই স্বপ্ন পূরণ হবে কিনা, সেটা নিয়ে চিন্তায় আছেন তিনি। নির্বাচনে তার মতো প্রথমবার ভোট দেবেন যে ৫০ লাখ ভোটার, তারাই এবারের নির্বাচনের ফল নির্ধারণে বড় ভূমিকা রাখবেন বলে মনে করা হচ্ছে। আজ স্থানীয় সময় বিকেল পাঁচটা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে, যদিও জার্মানি, ফ্রান্স এবং অন্যান্য দেশে থাকেন যে প্রায় ১৭ লাখ প্রবাসী তুর্কী ভোটার, তারা এরই মধ্যে ভোট দিয়ে ফেলেছেন। সেখানে ভোট দানের হার ছিল ৫৩ শতাংশ।

তুরস্কের শহরগুলো এখন প্রতিদ্বন্দ্বী দলগুলোর রঙিন পতাকা আর শ্লোগানে ছেয়ে আছে। ভোটের দিন ঘনিয়ে আসার সাথে সাথে উত্তেজনাও বেড়েছে।

বিরোধী দলগুলো প্রায় ১ লাখ ৯২ হাজার ব্যালট বাক্সের ভোট গণনা তদারকি করতে তাদের স্বেচ্ছাসেবক পাঠাচ্ছে, যাতে সেখানে কোন জালিয়াতি হতে না পারে।

চার প্রেসিডেন্ট প্রার্থীর একজন, মুহাররিম ইন্স ভোটের তিন দিন আগে নির্বাচন থেকে সরে দাঁড়িয়েছেন। তিনি অভিযোগ করেছেন যে, তার চরিত্রে কালিমা লেপনের চেষ্টা করা হচ্ছে। তবে এত দেরিতে প্রার্থিতা প্রত্যাহার করায় তার নাম ব্যালট পেপারে থেকে যাচ্ছে।

শনিবার ভোটের প্রচারের একেবারে শেষ সময়ে মি. কুলুচদারুলু আধুনিক ধর্মনিরপেক্ষ তুরস্কের প্রতিষ্ঠাতা কেমাল আতাতুর্কের সমাধি পরিদর্শন করেন এবং সেখানে ফুল দিয়ে শ্রদ্ধা জানান।

অন্যদিকে প্রেসিডেন্ট এরদোয়ান তার নির্বাচনী প্রচারণা শেষ করেন ইস্তাম্বুলের হাগিয়া সোফিয়া মসজিদে সন্ধ্যায় নামাজে যোগ দিয়ে। সোশ্যাল মিডিয়ায় শেয়ার করা ভিডিওতে দেখা যায়, তিনি মসজিদে নামাজ পড়তে আসা লোকজনকে বলেন, তুরস্কে যা ঘটছে, তার দিকে মুসলিম বিশ্ব গভীরভাবে পর্যবেক্ষণ করছে।

মি. এরদোয়ান তার নির্বাচনী প্রচার শেষ করার জন্য যেভাবে মসজিদকে বেছে নিলেন এবং সেখানে একটি রাজনৈতিক বক্তৃতা দিলেন, তা খুবই বিতর্কিত, তবে একই সঙ্গে তার সমর্থকদের কাছে এর বিরাট প্রতীকি তাৎপর্য আছে।

হাগিয়া সোফিয়া তৈরি করা হয়েছিল একটি অর্থোডক্স খ্রীস্টান ক্যাথিড্রাল হিসেবে। কিন্তু অটোমান যুগে এটিকে মসজিদ বানানো হয়। কামাল আতাতুর্ক এরপর এটিকে একটি যাদুঘরে রূপান্তরিত করেন। কিন্তু প্রেসিডেন্ট এরদোয়ান তুরস্কের প্রতিষ্ঠাতা এই সিদ্ধান্ত বদলে দিয়ে ২০২০ সালে আবার হাগিয়া সোফিয়াকে মসজিদ বানান।

মি. এরদোয়ান তার নির্বাচনী প্রচারণা শেষ করেছেন ইস্তাম্বুলে হাগিয়া সোফিয়া মসজিদে নামাজে যোগ দিয়ে।

আজকের ভোটে তুরস্কের মানুষ ছয়শো এমপি নির্বাচনের জন্যও ভোট দেবেন। যদিও প্রেসিডেন্ট এরদোয়ান পার্লামেন্টের ক্ষমতা খর্ব করে প্রেসিডেন্টের নির্বাহী ক্ষমতা অনেক বাড়িয়েছেন, তারপরও নতুন আইন প্রণয়নে পার্লামেন্ট এখনো মুখ্য ভূমিকা রাখে।

তুরস্কের নির্বাচনে আনুপাতিক প্রতিনিধিত্বের নিয়ম অনুযায়ী কোন দলকে পার্লামেন্টে আসন পেতে হলে অন্তত ৭ শতাংশ ভোট পেতে হয়। তাই রাজনৈতিক দলগুলো আসন পাওয়া নিশ্চিত করতে নির্বাচনী জোট বাঁধে।

প্রেসিডেন্ট এরদোয়ানের একে পার্টি, যেটির সঙ্গে ইসলামপন্থীদের সম্পর্ক আছে, তারা পিপলস এলায়েন্স জোটের অংশ। এই জোটে আরও আছে কট্টর জাতীয়তাবাদী এমএইচপি এবং অন্য দুটি দল। অন্যদিকে মি. কুলুচদারুলুর মধ্য বামপন্থী দল রিপাবলিকান পিপলস পার্টি জোট বেঁধেছে ন্যাশনালিস্ট গুড পার্টি এবং অন্য চারটি ছোট দলের সঙ্গে।

কুর্দীপন্থী দল এইচডিপি হচ্ছে তুরস্কের দ্বিতীয় বৃহত্তম বিরোধী দল, তারা আরেকটি জোটের অংশ। তারা প্রচারণা চালাচ্ছে গ্রীন লেফট জোটের ব্যানারে।

# মোখায় মিয়ানমারে বিমানবন্দরে ভবন ধস, মোবাইল টাওয়ার বিধ্বস্ত, সিতওয়েতে হাঁটু জল

**রাখাইন (এজেন্সী) ঃ** অতিপ্রবল ঘূর্ণিঝড় মোখার প্রভাবে মিয়ানমারের বিভিন্ন জায়গায় ক্ষয়ক্ষতির খবর পাওয়া যাচ্ছে। দেশটির সেনাবহিনীর প্রকাশ করা ছবিতে দেখা গেছে রাখাইন রাজ্যের থানদউয়ে বিমানবন্দরে একটি ভবন ধসে পড়েছে। সেখানকার বিদ্যুতের ট্রান্সফর্মার ভেঙ্গে পড়েছে।

এছাড়া প্রবল ঝড়বৃষ্টির সাথে বাড়তে শুরু করেছে পানির প্রবাহ, ইতোমধ্যে সিতওয়েতে হাঁটু পানি জমে গেছে। বাসিন্দারা জরুরি সাহায্যের আবেদন জানাচ্ছেন কর্তৃপক্ষের দেয়া বিভিন্ন নম্বরে।

মিয়ানমারে বিবিসির সংবাদদাতারা জানাচ্ছেন, দুপুর ১২টার পর থেকেই বৃষ্টি এবং দমকা হাওয়া বাড়তে শুরু করে।

এর প্রভাবে বিভিন্ন জায়গায় বসতবাড়ি বিশেষ করে টিনের বাড়িঘর এবং অস্থায়ী আবাস ভেঙ্গে পড়তে শুরু করে। অনেক বাড়ির টিনের চাল উড়ে গেছে ঝড়ে।

সিতওয়েতে মোবাইল টাওয়ার ভেঙ্গে পড়েছে ঝড়ে।

এছাড়া বিভিন্ন জায়গায় সকাল থেকে বিদ্যুৎ নেই দেশটিতে, ওয়াইফাই সংযোগও বিচ্ছিন্ন হয়ে গেছে।

ইন্টারনেট সংযোগের জন্য এখন শুধু মোবাইল ডাটাই কাজ করছে মিয়ানমারে।

মিয়ানমারের আবহাওয়া অফিস জানিয়েছে, রবিবার বিকেলে ঘূর্ণিঝড়ের কেন্দ্র সিতওয়ে উপকূল অতিক্রম করে যাবে এবং ঝড়ের প্রভাব ১২ ঘণ্টা পর্যন্ত স্থায়ী হতে পারে বলে জানানো হয়েছে।

এর আগে দুপুরে দেশটির আবহাওয়া পূর্বাভাসে মোখাকে অতি প্রবল ঘূর্ণিঝড় হিসাবে বাদামী বা 'ব্রাউন' সতর্কতা জারি করা হয়েছে।

দেশটির আবহাওয়া দফতর বলছে, ঘূর্ণিঝড়টির গতিবেগ ঘণ্টায় ১৩৭ মাইলের মতো।

রবিবার সকালে শক্তিশালী ঘূর্ণিঝড়টি রাখাইন উপকূলে আঘাত হানে, সকাল থেকেই সেখানে দমকা হাওয়াসহ থেকে থেকে বৃষ্টি হচ্ছে।

এই রাজ্যের ৭টি শহরকে ইতোমধ্যে বিপদজনক 'লাল' এলাকা হিসেবে চিহ্নিত করা হয়েছে। সেখানে বাতাসের সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ১১০ থেকে ১২০ মাইল রেকর্ড করা হয়েছে।

রাখাইন রাজ্যের রাসায়ে পর্বতের একজন বাসিন্দা সকালে বিবিসিকে বলেন, পুরো রাসায়ে পর্বতের প্রায় ৫০ হাজার বাসিন্দাকে সরিয়ে নেয়া হয়েছে। তারা সবাই শহরে চলে গেছেন। গ্রামে বৃষ্টি তেমন নেই। তবে অনেক বাতাস বইছে।

এছাড়া সিতওয়ে শহরে ব্যাপক ঝড়বৃষ্টি ও দমকা হাওয়া বয়ে যেতে শুরু হয়েছে।

স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, প্রবল বাতাসে পুরনো গাছ মাটিতে আছড়ে পড়েছে, ক্ষতিগ্রস্ত হয়েছে কাঠের ঘরবাড়ি।

সিতওয়ের একজন বাসিন্দা বিবিসিকে বলেছেন, হাঁটতে গিয়ে মনে হচ্ছে বাতাস আমাকে উড়িয়ে নিয়ে যাবে।

এরমধ্যে বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে পড়েছে সিতওয়ের বিভিন্ন এলাকা। প্রবল বাতাসে টেলিকম টাওয়ার ধসে পড়তে দেখা যায়।

এতে সিতওয়ের ইন্টারনেট সংযোগ ও টেলিফোন লাইন বিপর্যস্ত হয়ে পড়েছে।

রাস্তাঘাটে কোন মানুষজন নেই। হাতে গোনা কয়েকটি কুরিয়ার সার্ভিসের কর্মীদের লাইফ ভেস্ট পরে মোটর সাইকেল চালাতে দেখা গিয়েছে।

দেশটির দুর্যোগপ্রবন এলাকাগুলো থেকে হাজার হাজার মানুষ আশেপাশের শহরে আশ্রয় নিয়েছে। সকাল থেকে মিয়ানমারের রাখাইন রাজ্যের মিয়াকু শহরে টহল দিচ্ছে সামরিক বাহিনী।

সকালে দেশটির আবহাওয়া অফিস জানায়, ঘূর্ণিঝড়টি রাখাইন উপকূল থেকে উত্তর পূর্বের চিন রাজ্য, ম্যাগওয়ে ও সাগাইং এবং কাচিন পর্যন্ত অতিক্রম করতে পারে বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে।

এ সময় সাগাইং, মান্দালে, ইরাবতি এবং চিন রাজ্যে বাতাসের সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় প্রায় ৭০ থেকে ৯০ মাইল এবং নেপিদো, বোগো, ইয়াঙ্গুন এবং কাচিন শান এবং কায়াহ অঞ্চলে বাতাসের সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৪০ থেকে ৬০ মাইল হতে পারে।

এদিকে, মোখায় ক্ষতিগ্রস্তদের প্রয়োজনীয় সহায়তা দেয়ার জন্য প্রস্তুত থাকার কথা জানিয়েছে মিয়ানমারে কর্তব্যরত জাতিসংঘ।

ইতোমধ্যে স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে নিচু এলাকাগুলো থেকে স্থানীয়দের সরিয়ে নেওয়ার হয়েছে।

এই এলাকার অন্তত ৬০ লাখ মানুষ আগে থেকেই দারিদ্র্য ও সংঘাত সহিংসতার কারণে মানবিক সহায়তার ওপর টিকে আছে।

ফলে এই মানুষগুলোর ওপর ঘূর্ণিঝড় মোখা মরার ওপর খাড়ার ঘা এর মতো দেখা দিতে পারে আশংকা করা হচ্ছে।

সংস্থাটির আশঙ্কা ঘূর্ণিঝড়ের প্রভাবে ভারী বৃষ্টিপাত, ভূমিধস এবং বন্যা দেখা দিতে পারে। তবে জরুরি ত্রাণের জন্য আন্তর্জাতিক সংস্থাগুলো জরুরি তহবিলের প্রযোজন বলে জানিয়েছে।



# গাজায় ইসরায়েলি আক্রমণে একের পর এক ইসলামিক জিহাদ নেতা নিহত

**গাজা ঃ** ফিলিস্তিনের গাজা এলাকায় ইসরায়েলের এক বিমান হামলায় ইসলামিক জিহাদের আরেকজন উর্ধ্বতন নেতা নিহত হয়েছেন। এ দু'পক্ষের লড়াই এখন আরো তীব্র আকার নিচ্ছে।

নিহত আইয়াদ আল হাসানি হচ্ছেন ফিলিস্তিনি ইসলামিক জিহাদের (পিআইজে) ষষ্ঠ সিনিয়র নেতা ¯ যারা গত কয়েকদিনে ইসরায়েলি হামলায় নিহত হয়েছেন।

ইসরায়েল বলছে, গত মঙ্গলবার মি. আল হাসানির পূর্বসূরী নেতা নিহত হবার পর থেকে তিনিই এ সংগঠনের কার্যক্রম পরিচালনা করছিলেন।

বিভিন্ন সূত্রে বলা হচ্ছে, মি. আল হাসানি পিআইজের সশস্ত্র শাখার উপ প্রধান ছিলেন এবং এ লড়াইয়ে ইসরায়েল যাদেরকে আক্রমণের লক্ষ্য বানিয়েছে তাদের মধ্যে সবচেয়ে উর্ধ্বতন নেতা।

মঙ্গলবার নিহত পিআইজে নেতা খলিল আল বাহতিনির স্থলাভিষিক্ত হয়েছিলেন তিনি। ইসরায়েলের একজন কর্মকর্তা বিবিসিকে বলেছেন, পিআইজের সিনিয়র নেতাদের ওপর আক্রমণের মধ্যে দিয়ে তারা হামাসকেও সতর্ক করে দিচ্ছেন, যারা গাজা নিয়ন্ত্রণকারী হলেও এখন পর্যন্ত এ সংঘাতে জড়ায়নি বলে মনে করা হচ্ছে। শুক্রবার চালানো ওই হামলায় আরো এক ব্যক্তি নিহত হয়েছে, আর তার আগে গাজা থেকে ইসরায়েলের ভেতরে অনেকগুলো রকেট ছোড়া হয় ¯ যার কয়েকটি জেরুসালেমে কাছাকাছি পৌঁছে যায়।

গত মঙ্গলবার ভোররাত থেকে ইসরায়েল গাজার ওপর একের পর এক বিমান হামলা চালাতে শুরু করে।

এতে এ পর্যন্ত কমপক্ষে ৩৩ জন ফিলিস্তিনি নিহত হয়েছেন। এর মধ্যে তিন জন ইসলামিক জিহাদ সংগঠনের শীর্ষস্থানীয় নেতা বলে জানা গেছে, তবে নিহতদের প্রায় অর্ধেকই বেসামরিক ফিলিস্তিনি। ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয় বলছে, এসব বিমান হামলায় ১৪৭ জন আহত হয়েছেন। অন্যদিকে ইসরায়েলের একটি অ্যাম্বুলেন্স সার্ভিস জানাচ্ছে, ফিলিস্তিনি রকেট হামলায় একজন ইসরায়েলি বেসামরিক লোক নিহত এবং পাঁচজন আহত হয়েছে। শুক্রবারের ইসরায়েলি বিমান হামলার আগের ১২ ঘন্টা পরিস্থিতি অপেক্ষাকৃত শান্তই ছিল। ইসলামিক জিহাদ বলেছে ¯ জেরুসালেম লক্ষ্য করে রকেট হামলা একটি বার্তা, এবং এর লক্ষ্য সবারই বুঝে নেয়া উচিৎ।

ইসরায়েল বলছে তারা গাজায় পিআইজের ২৫৪টি লক্ষ্যবস্তুতে আঘাত হেনেছে, আর ফিলিস্তিনিরা গাজা থেকে ইসরায়েলের দিকে কমপক্ষে ৯৭৩টি রকেট ও মর্টার নিক্ষেপ করেছে।

এসব ঘটনার পর খুব শিগগীরই কোন যুদ্ধবিরতি হবে এমন সম্ভাবনা কম বলে বিবিসির সংবাদদাতারা জানাচ্ছেন ¯ যদিও এ লক্ষ্যে মিশরে আলোচনা চলছে।

মিশরে চলমান যুদ্ধবিরতির আলোচনা সম্পর্কে ওয়াকিবহাল একজন ফিলিস্তিনি কর্মকর্তা বিবিসিকে জানিয়েছেন, মিশরীয় কর্মকর্তারা শনিবার সন্ধ্যায় যুদ্ধবিরতির একটি নতুন প্রস্তাব উত্থাপন করেছেন, যা এখন বিবেচনা করে দেখা হচ্ছে।

তিনি বলেন, এ ব্যাপারে ইসরায়েলের প্রতিক্রিয়া জানার জন্যও কায়রো অপেক্ষা করছে।

